১৬ পাতার সংখ্যা

দাম : ৪ টাকা

# কর্মসংস্থান

www.karmosangsthan.com

Vol. 35 ■ Issue No. 15 ■ 9th April 2022 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88



এবার নিজের 'Boss' নিজেই হন...
কম খরচে ফার্মেসি কোর্স করে Retail বা Wholesale ওষুধের ব্যবসায়ী হওয়ার সুবর্ণ সুযোগ এনেছে 'Haldar Group'
HALDAR
Group of Institutions
WB GOVT. REG. No. : IV-1903-00118/2022
An ISO 9001:2008 Certified
www.haldargroup.org
D.Pharmacy
B.Pharmacy
পশ্চিমবঙ্গ, ব্যাঙ্গালোর, ওড়িশা, অন্ধ্রপ্রদেশ, দিল্লি, উত্তরপ্রদেশ
Arts & Commerce এর ছেলেমেয়েদের HS Science নিয়ে সরকারি স্বীকৃত মুক্ত বিদ্যালয় থেকে পাশ করে কম খরচে ফার্মেসি কোর্স করার সুবর্ণ সুযোগ
হেড অফিস : সোনারপুর কলকাতা- ৭০০১৫০
Call : 7439235921 / 8597596723


# পূর্ব রেলে ২,৯৭২ অ্যাপ্রেন্টিস

**মাধ্যমিক ও আই.টি.আই পাশ ছেলেদের**

**নিজস্ব সংবাদদাতা :** পূর্ব রেলের শিয়ালদহ ডিভিশন, হাওড়া ডিভিশন, মালদা ডিভিশন, আসানসোল ডিভিশন আর কাঁচরাপাড়া ওয়ার্কশপ, লিলুয়া ওয়ার্কশপ ও জামালপুর ওয়ার্কশপ 'অ্যাপ্রেন্টিস' হিসাবে ২,৯৭২ জন লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব ট্রেডে : ফিটার, ওয়েল্ডার, ইলেক্ট্রিশিয়ান, মেশিনিস্ট, ওয়্যারম্যান, লাইনম্যান, কার্পেন্টার, পেইন্টার, ডিজেল মেকানিক, রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক, মেকানিক মেশিন টুল মেন্টেন্যান্স, ব্ল্যাকস্মিথ। কারা কোন ট্রেডের জন্য যোগ্য।

কোনো স্বীকৃত পর্যদ বা, বিশ্ববিদ্যালয় থেকে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেরা এন.সি.ভি.টি.' /এস.সি.ভি.টি.'র অনুমোদিত আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন।

এরপর ১৪ পাতায়


২০২২ সালের WBCS প্রিলি পরীক্ষা হবে জুন মাসের তৃতীয় সপ্তাহে। সম্প্রতি WBCS-এ সফল হওয়া আধিকারিকদের তৈরি করা প্রিলি ও মেন পরীক্ষার স্টাডি মেটেরিয়াল পেতে যোগাযোগ করুন
9830624170


# ২৬০ স্টাইপেন্ডিয়ারি ট্রেনি ভাবা অ্যাটমিকে

**উচ্চমাধ্যমিক ও ডিপ্লোমা ছেলেমেয়ের**

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারের ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টারের তারাপুর কালপাক্কাম সেন্টারে কাজের জন্য 'স্টাইপেন্ডিয়ারি ট্রেনি (ক্যাটেগরি-।)', 'স্টাইপেন্ডিয়ারি ট্রেনি (ক্যাটেগরি-।।)' ও 'ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট' পদে ২৬০ জন লোক নিচ্ছে। কারা কোন শাখার জন্য যোগ্য:

**স্টাইপেন্ডিয়ারি ট্রেনি -।-এ নেওয়া হবে এইসব পদে —**

কেমিস্ট্রি : কেমিস্ট্রি প্রধান বিষয় ও ফিজিক্স ও অঙ্ক সহায়ক বিষয় হিসাবে নিয়ে মোট অন্তত ৬০% নম্বর পেয়ে বি.এসসি. কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ২টি (জেনাঃ)। পোস্ট নং : 1.2.

কেমিক্যাল : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক

এরপর ৭ পাতায়

# বারাকপুরে আর্মির র‍্যালি ১ জুলাই থেকে

**নিজস্ব প্রতিনিধি :** ভারতীয় স্থলবাহিনীর বারাকপুর আর্মি রিক্রুটিং অফিসের র‍্যালি হওয়ার নতুন তারিখ ঠিক হল। পশ্চিমবঙ্গের উত্তর ২৪ পরগনা, হুগলি, বাঁকুড়া ও পুরুলিয়া জেলার প্রার্থীদের থেকে অবিবাহিত ছেলে নেওয়ার জন্য গত বছর ৮ জুলাই থেকে ২১ আগস্ট পর্যন্ত যে অনলাইনে দরখাস্ত নেওয়া হয়েছিল, তার র‍্যালি হবে ১ জুলাই থেকে ১৮ জুলাই পর্যন্ত।

এরপর ১৪ পাতায়

# রেল কোচ ফ্যাক্টরিতে ৩৭৪ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব প্রতিনিধি :** কেন্দ্রীয় সরকারের রেল মন্ত্রকের অধীন, বেনারস লোকোমোটিভ ওয়ার্ক্স 'অ্যাপ্রেন্টিস' হিসাবে ৩৭৪ জন ছেলেমেয়ে নিচ্ছে। নেওয়া হবে এইসব ট্রেডে : ফিটার, কার্পেন্টার, পেইন্টার (জেনারেল), মেশিনিস্ট, ওয়েল্ডার, ইলেক্ট্রিশিয়ান। কারা কোন ট্রেডের জন্য যোগ্য।

কোনো স্বীকৃত পর্যদ বা, বিশ্ববিদ্যালয় থেকে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা

এরপর ১৪ পাতায়

# ১৬২৫ জুনিয়র টেকনিশিয়ান

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারি সংস্থা ইলেক্ট্রনিক্স কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড 'জুনিয়র টেকনিশিয়ান' পদে ১,৬২৫ জন লোক নিচ্ছে।

আই.টি.আই. থেকে ইলেক্ট্রনিক্স মেকানিক, ইলেক্ট্রিশিয়ান, ফিটার ট্রেডের ২ বছরের সার্টিফিকেট কোর্স পাশরা ১ বছরের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং করে থাকলে যোগ্য। ম্যানুফ্যাকচারিং, প্রোডাকশন, মেটেরিয়াল ম্যানেজমেন্ট ফিল্ডে ১ বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ৩১-৩-২০২২'এর হিসাবে ৩০ বছরের মধ্যে। সব ক্ষেত্রে

এরপর ৪ পাতায়


DR K R ADHIKARY
COLLEGE OF OPTOMETRY & PARAMEDICAL TECHNOLOGY
ISO 9001 : 2015 Certified & ISO 29990:2010 Certified

Established at 2003 with Affiliation to
UNIVERSITY OF KALYANI
All Courses are Job Oriented and Self Employed
PROFESSIONAL COURSES
2 Years + 6 Months Internship
Admission going on
D.O.S. & O.T. (Diploma in Optometrical Science and Ophthalmic Technique)
D.E.C.G. & P.F.T. (Diploma in Electrocardiography and Pulmonary Function Test)
D.P.A & E.D. (Diploma in Physician Assistant and Essential Drug)
D.D.T. & O.H. (Diploma in Dental Technology and Oral Hygiene)
D.M.L.T. (Diploma in Medical Laboratory Technique)
D.M.R.T. (Diploma in Medical Radiology Technique)
D.P.T. (Diploma in Physiotherapy Technique)

Eligibility : H.S. (10 + 2 Science) Other than Science Students compulsory One year Pre-Optometry and Pre-Technology (Bridge Course)
1 Year A.D.C.L.P. (Advance Diploma in Contact Lens Practice)
Eligibility : Bachelor or Diploma in Optometry
1 Year + 6 Months Internship
C.C.M.S. & E.D. (Certificate in Community Medical Service and Essential Drug)
C.S.I. (Certificate in Sanitary Inspection)
C.B.P.N. (Certificate in Basic Practical Nursing)
Eligibility : Madhyamik
Kalyani WEBEL IT PARK, Phase-II
(Government of West Bengal)
Kalyani-Barrackpore Express Way, Opposite to Water Treatment Plant, Near Buddha Park, Kalyani, Nadia
Website : www.kradikarycollege.org
For Admission Contact
9339218894, 9477425536, 8100149510


# কেন্দ্রীয় সংস্থায় ৭৫ প্রবেশনারি অফিসার

**নিজস্ব প্রতিনিধি :** কেন্দ্রীয় সরকারি সংস্থা, ই.সি.জি.সি. লিমিটেড 'প্রবেশনারি অফিসার' পদে ৭৫ জন লোক নিচ্ছে। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২১-৩-২০২২'এর হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২২-৩-১৯৯২ থেকে ২১-৩-২০০১'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৫৩,৬০০-১,০২,০৯০ টাকা। শূন্যপদ : ৭৫টি (জেনাঃ ৩৪, ই.ডব্লু.এস. ৭, ও.বি.সি. ১৩, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ১০)।

এরপর ১৪ পাতায়


**ভেতরের পাতায় আছে :**
- জাহাজ তৈরির কারখানায় ১৭৪ অ্যাসিস্ট্যান্ট
- রেলের গ্রুপ 'ডি' পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর


# রেলের এন.টি.পি.সি'র পরিবর্তিত তালিকা বেরোল

**রঞ্জিৎ ঘোষ, কলকাতা :** কলকাতা, মালদা, শিলিগুড়ি -সহ সারা ভারতের বিভিন্ন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বিজ্ঞপ্তি নং ০১/২০১৯'এর নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরি (এন.টি.পি.সি.) - এর প্রথম পর্যায়ের যে সি.বি.টি. টেস্ট ২০২০ সালের ২৮ ডিসেম্বর থেকে ২০২১ সালের ৩১ জুলাই পর্যন্ত ৭টি পর্যায়ে হয়েছিল, তার রিভাইজড তালিকা বের করল রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ড। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.rrbkolkata.gov.in

প্রসঙ্গত উল্লেখ্য, এই পদের প্রথম পর্যায়ের

এরপর ৪ পাতায়

# ৩০২ মাল্টি স্কিল্ড ওয়ার্কার

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারের সড়ক পরিবহণ ও জাতীয় সড়ক মন্ত্রকের অধীন বর্ডার রোডস অর্গানাইজেশনের জেনারেল রিজার্ভ ইঞ্জিনিয়ার ফোর্স মাল্টি স্কিল্ড ওয়ার্কার

এরপর ৪ পাতায়

# ১৩ ইঞ্জিনিয়ার

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন ভারত ইলেক্ট্রনিক্স লিমিটেড 'প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-।' পদে ১৩ জন

এরপর ২ পাতায়

# কলকাতা পুর নিগমে চাকরি

**নিজস্ব সংবাদদাতা :** কলকাতা পুর নিগমে কাজের জন্য সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল ও মেকানিক্যাল) পদে ৭ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। কারা

এরপর ৪ পাতায়

# সৈনিক স্কুলে ২১

**নিজস্ব সংবাদদাতা :** ঝাড়খন্ডের তিলাইয়া সৈনিক স্কুল জেনারেল এমপ্লয়ী ও ওয়ার্ড বয় পদে ২১ জন লোক নিচ্ছে। কারা কোন

এরপর ৪ পাতায়


NET/JRF/SET/CUCET
EDUCATION
PAPER: 2
Concept Building & Model Test Paper
Edited by : Dr. Mrinal Mukherjee
Co-Edited by : Dr. Partha Ghosh
Contributed by : Rakesh Ghosh, Sanatan Sahoo, Bachan Biswas
WBCS (MAIN)
আবশ্যিক পত্র
বাংলা ও ইংরাজি
67 Practice set
By - Dr. Kabita Chakraborty, Asim Bhunia, Debasis Sau, Santu Roy
২০২২ সালের নতুন সিলেবাস, পরীক্ষা পদ্ধতি ও নম্বর বিভাজন অনুযায়ী লিখিত
ANM (R) & GNM Practice SET
JENPAS Practice SET
EDVICON ®
PUBLISHING HOUSE
Available on Amazon and Flipkart

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্প লাইন
✆ : (০৩৩) ২৪৬০ ৬২১১/৬২১২/৮২৩৪
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স, আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

## স্কুল-কলেজ-শিক্ষা

**মাসিক মাহিনায় কোচিং**
রানাঘাট (M : 8250796774), কলকাতা (কলেজ স্ট্রিট) M : 9073447917. By exp. faculty specially for CGL, HS Lvl, MTS, WBCS (Preliminary & Main), TET (Eng.+Math.) & Comb. চ্যাপ্টার ধরে পড়ানো হয়। (রবিবারেও ক্লাসের সুবিধা)
SH

## স্কুল-কলেজ-শিক্ষা

PSC, SSC, Rail, WBCS, পুলিশ, প্রাইমারি রেগুলার/অনলাইন কোচিং। সাকসেস সেন্টার, বনগাঁ ও মধ্যমগ্রাম। M: 8337000600/900. দূরবর্তীদের অনলাইন সাপোর্ট।
R

**GNM, B.Sc. Nursing**
D. Pharma ও B. Pharma, সরাসরি ভর্তির জন্য যোগাযোগ- M: 8582831515, 9330836135
SH

NSDC অনুমোদিত ফিজিওথেরাপি, ECG, X-Ray কোর্সে ভর্তি চলছে। CBMC – 8697893849, 32, Surya Sen St. Kol- 9.
CM

TET, WBCS, WBSSC, স্কুল সার্ভিস, রেল, পুলিশ, PSC, SSC, মাসে 800/-. শিয়ালদহ, কৃষ্ণনগর, রানাঘাট, বড় জাগুলি, কাঁচড়াপাড়া, শ্যামনগর। PH : 7584006555
LG

## কর্মখালি

HDFC, AXIX, ICICI, বন্ধন ব্যাঙ্ক DSA তে প্রত্যেক জেলায় বিভিন্ন পদে M/F চাই। বেতন : 21K–28K+, M : 9903603147
SA

**ফোন করলে নিশ্চিত চাকরি**
**পঃবঙ্গে 20টি জেলায়**
L.No–Gv4639 ব্যাঙ্ক (DSA)-তে 7 দিনে স্পট জয়েনিং M/F নিয়োগ চলছে। যোগ্যতা : অষ্টম - স্নাতক, বেতন : 19,800/-–52,600/-, PF, ESI, ফর্ম-101/- আরো বিস্তারিত জানতে যোগাযোগ করুন, Mob : 9735943321
SP

পার্টটাইম / ফুলটাইম জব। বাড়িতে বসে কাজ। হাতে লিখে আয় 8,000–12,000 টাকা। ডাকযোগে (Bypost) কাজ। 6290995110
R

**কর্মী নিয়োগ**
প্রতিটি জেলায় Pvt. নার্সিং হোম কোম্পানি, শপিং মল, ফ্যাক্টরিতে টাওয়ার Co.-তে ATM কর্মী নিয়োগ চলছে। বেতন : 12,500/-—18,800/-+OT, বোনাস, M : 8536087491
SA

**আর্জেন্ট ভ্যাকান্সি**
বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport ও Pvt. Bank-এ M/F নিয়োগ চলছে। বেতন : 14,500/-–34,500/-. Ex- আর্মিদের বিশেষ সুবিধা। M : 8537026987
SA

## কর্মখালি

**প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব**
Front & Back office এ। Age 18-35, HS & Graduate. Salary :12k-20K. নিজ এলাকা। 6291125164, 9477762102
R

সৌরবিদ্যুৎ-এর কাজে সারা বাংলায় স্থানীয় কর্মী চাই। ট্রেনিংয়ের জন্য সত্বর যোগাযোগ করুন। Call - 9875386047.
SH(A)

**Airport ও ব্যাঙ্ক**
গভঃ স্বীকৃত Airport ও ব্যাঙ্কে বিনা ডোনেশনে (অষ্টম-স্নাতক) M/F চাই। বেতন : 20,300/- – 47,800/- সত্বর : 8145187988
SA

**জাহাজে 89 জন কর্মী চাই**
গভঃ স্বীকৃত অফিসের মাধ্যমে ব্যাচেলার প্রার্থীদের ৮ম/স্নাতক নিয়োগ। খিদিরপুর, হলদিয়া হইতে - আন্দামান। বেতন - 27,300/—65,700. PF, ESI, বোনাসের সুবিধা। M : 8145187975
SA

## কর্মখালি

**সরাসরি কর্মী নিয়োগ**
জেলাভিত্তিক ATM গার্ড, S.V, ক্লার্ক, ইনচার্জ, পিওন চাই। বেতন : 13K–22K, M : 9051457091
SA

**Airport ও ব্যাঙ্কে পার্মানেন্ট**
বিনা ডোনেশনে জব। 205 জন M/F অষ্টম/স্নাতক কর্মী নিয়োগ। বেতন- 18,300/48,500. থাকা-খাওয়া ফ্রী। M : 7551880381
SA(A)

**ফোন করলেই চাকরি**
গভঃ স্বীকৃত Airport ও PVT ব্যাঙ্কে বিনা ডোনেশনে 8ম/স্নাতক M/F কর্মী নিয়োগ চলছে। বেতন : 16,400–45,900। থাকা-খাওয়া ফ্রি। Mob : 9733750359
SA

WAVETREE তে টেলিকম ফিল্ড এক্সিকিউটিভের জন্য শূন্যপদ ও বাসস্থান। যোগাযোগ করুন- 9874650124.
M

## কর্মখালি

**আর্জেন্ট জয়েনিং**
**Airport – BANK**
Govt. R–L = 5252 বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে M/F কর্মী চাই (নামসই/স্নাতক), বেতন : 16,300/48,700, থাকা-খাওয়া ফ্রী, M - 9432057063.
SA

Airport-এ জব-এর বিষয়ে বিশদ জানতে ৮ম/স্নাতক গ্রহণযোগ্য। বেতন : 17,000/-–42,000/- যোগাযোগ- M : 9593630682
SA(A)

**প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব**
WB L/C No. Kol-50W85, পঃ বাংলার বিভিন্ন প্রান্তে Pvt. Bank-এ Back-office, এছাড়া বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে প্রচুর M/F জেলা ভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। বেতন : 18,500/-–34,700/-. ছুটি, বোনাস, ESI, PF, এছাড়া অন্যান্য সুবিধা থাকবে। Help - 9735135882
SA

**স্পট জয়েনিং**
বিনা ডোনেশনে বিভিন্ন কোম্পানি ও শপিং মলে প্রচুর M/F চাই। বেতন- 9500-26500. 9461659163
MS

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## কর্মখালি

**আর্জেন্ট ভ্যাকান্সি**
**ব্যাঙ্কে স্থায়ী জব**
Govt. Regd অফিস থেকে সরাসরি ব্যাঙ্কে স্থায়ী চাকরি। নিজের জেলায় শিক্ষাগত যোগ্যতায় M/F নিয়োগ। বেতন : 21,650/-–44,600/-. বোনাস, OT, PF. M : 7432829411
SA

**জাহাজ ও ডকে চাকরি**
পঃ বাংলায় বিভিন্ন জেলায় কর্মপ্রার্থীদের বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে 187 জন M/F নিয়োগ করানো হচ্ছে। Salary-21,750/-–56,500/-. থাকা-খাওয়া, ছুটি, বোনাস, ESI, PF, এছাড়া অন্যান্য সুবিধা। M : 9735153441
SA

**দরখাস্ত পাঠানোর আগে ফর্ম-সহ যাবতীয় প্রমাণপত্রের এক কপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।**

জয়েন্ট ছাড়াই ভর্তি মাত্র 4.5 লাখে (থাকা-খাওয়া সহ)
GNM (INC, WBNC স্বীকৃত) পশ্চিমবঙ্গে সরাসরি ভর্তি
B.Sc. নার্সিং সেশন 2021-22
শাশ্বতী কনসালটেন্সি
9733336367, 8343936307
জেলা ভিত্তিক Admission Partner চাই

নার্সিং Council / UGC & BSS অনুমোদিত
GNM, B.Sc. Nursing কোর্স
প্যারামেডিক্যাল কোর্স : BMLT / DMLT, Radiology, BPT/DPT, D.Optm, ECG, Critical Care, Dental (DDH & T), CSSD. অ্যালোঃ (CMS & ED), আয়ুঃ (DAMS), হোমিও (D.Hom & DHMS), যোগা-ন্যাচারোপ্যাথি, D.Pharm. (10+2 PCB). (Own Campus, Hostel & Hospital) যোগ্যতা : MP & HS
Central Institute of Medical Science & Technology
126B, Raja Rammohan Sarani, Kol-9 (Near Sealdah)
M : 9888295882 (M.G. Road & Amherst Street Crossing)

২০২২- তে সরকারী কলেজে ভর্তি হতে
NEET, JENPAS, JEE (ANM / GNM)
কোচিং শুরু Online / Offline with MOCK TEST
নার্সিং ও প্যারামেডিক্যাল কোর্সে ভর্তি চলছে with KIMS HOSPITAL
LIBERTY FOUNDATION
Ph - 8159832788
www.libertytraining.co.in

# জাহাজ তৈরির কারখানায় ১৭৪ অ্যাসিস্ট্যান্ট ও টেকনিক্যাল কর্মী

নিজস্ব সংবাদদাতা : গোয়া শিপইয়ার্ড লিমিটেড বিভিন্ন পদে ১৭৪ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

ওয়েল্ডার : আই.টি.আই. থেকে ওয়েল্ডার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মূল মাইনে : ১৫,১০০-৫৩,০০০ টাকা। শূন্যপদ : ১২টি (জেনাঃ ৫, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১, প্রতিবন্ধী ২)।

৩জি ওয়েল্ডার : আই.টি.আই. থেকে ওয়েল্ডার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। ৩জি ওয়েল্ডিংয়ের সার্টিফিকেট থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মূল মাইনে : ১৫,১০০-৫৩,০০০ টাকা। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৭, ও.বি.সি. ২, তঃউঃজাঃ ১)।

ইলেক্ট্রনিক মেকানিক : আই.টি.আই. থেকে ইলেক্ট্রনিক মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মূল মাইনে : ১৫,১০০-৫৩,০০০ টাকা। শূন্যপদ : ১৬টি (জেনাঃ ১০, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ২, তঃউঃজাঃ ২)।

ইলেক্ট্রিক্যাল মেকানিক : আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মূল মাইনে : ১৫,১০০-৫৩,০০০ টাকা। শূন্যপদ : ১১টি (জেনাঃ ৭, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ২, তঃউঃজাঃ ১)।

কুক : মাধ্যমিক পাশরা কোনো হোটেল বা, ইন্ডাস্ট্রিতে রান্নার কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। মূল মাইনে : ১৪,৬০০-৪৮,৫০০ টাকা। শূন্যপদ : ৪টি (জেনাঃ )।

অফিস অ্যাসিস্ট্যান্ট : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা ১ বছরের কম্পিউটার অ্যাপ্লিকেশনের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। অন্তত ১ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। মূল মাইনে : ১৫,৬০০-৫৭,৫০০ টাকা। শূন্যপদ : ৭টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, তঃউঃজাঃ ১, প্রতিবন্ধী ২)।

অফিস অ্যাসিস্ট্যান্ট (ফিনান্স / ইন্টারনাল অডিট) : কমার্স শাখার গ্র্যাজুয়েটরা ১ বছরের কম্পিউটার অ্যাপ্লিকেশনের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। অন্তত ১ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। মূল মাইনে : ১৫,৬০০-৫৭,৫০০ টাকা। শূন্যপদ : ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃউঃজাঃ ১)।

ইয়ার্ড অ্যাসিস্ট্যান্ট : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা ১ বছরের কম্পিউটার অ্যাপ্লিকেশনের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। অন্তত ১ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। মূল মাইনে : ১৫,১০০-৫৩,০০০ টাকা। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, প্রতিবন্ধী ৪)।

টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (স্টোর্স-মেকানিক্যাল) : মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা স্টোর্স / ইনভেন্টরি / লজিস্টিক্স / সাপ্লাই চেন ম্যানেজমেন্ট ক্ষেত্রে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। মূল মাইনে : ১৬,৬০০-৬৩,৫০০ টাকা। শূন্যপদ : ৮টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস: ১, ও.বি.সি. ১, তঃউঃজাঃ ১, প্রতিবন্ধী ২)।

টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (মেকানিক্যাল) : মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। মূল মাইনে : ১৬,৬০০-৬৩,৫০০ টাকা। শূন্যপদ : ২১টি (জেনাঃ ১২, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২)।

টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (ইলেক্ট্রিক্যাল) : ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। মূল মাইনে : ১৬,৬০০-৬৩,৫০০ টাকা। শূন্যপদ : ১৫টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৪, তঃউঃজাঃ ২)।

টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (ইলেক্ট্রনিক্স) : ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। মূল মাইনে : ১৬,৬০০-৬৩,৫০০ টাকা। শূন্যপদ : ৫টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১)।

টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (শিপবিল্ডিং) : শিপবিল্ডিং ইঞ্জিনিয়ারিংয়ের ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। মূল মাইনে : ১৬,৬০০-৬৩,৫০০ টাকা। শূন্যপদ : ২১টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৫, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৪)।

ট্রেনি ওয়েল্ডার : আই.টি.আই. থেকে ওয়েল্ডার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশরাও যোগ্য। শুরুতে ২ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড প্রথম বছর মাসে ৭,০০০ টাকা ও দ্বিতীয় বছর মাসে ৭,৫০০ টাকা। মূল মাইনে : ১৫,১০০-৫৩,০০০ টাকা। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ২, তঃউঃজাঃ ১)।

আনস্কিল্ড : মাধ্যমিক পাশরা অদক্ষ কর্মী হিসাবে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। মূল মাইনে : ১০,১০০-৩৫,০০০ টাকা। শূন্যপদ : ২০টি (জেনাঃ ১৩, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২)।

সব ক্ষেত্রে বয়স হতে হবে ২৮-২-২০২২'এর হিসাবে ৩৩ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। ওপরের সব ক্ষেত্রে আই.টি.আই. কোর্স পাশদের ক্ষেত্রে অ্যাপ্রেন্টিস করে থাকলেও যোগ্য। এই পদের বিজ্ঞপ্তি নং : 04/2022.

প্রার্থী বাছাই হবে টেস্ট বা, ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৮ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.goashipyard.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে ২০০ (তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না) টাকার ডিমান্ড ড্রাফট কাটবেন। 'Goa Shipyard Limited'এর অনুকূলে ও পেয়েবল অ্যাট লিখবেন 'Vasco-da-Gama, Goa'. এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো, সিগনেচার, শিক্ষাগত যোগ্যতা, বয়স, অভিজ্ঞতার সার্টিফিকেট, ডিমান্ড ড্রাফট স্ক্যান করে নেবেন। তারপর ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। এবার ওই প্রিন্ট করা দরখাস্ত ডাকে পাঠাবেন ৯ মে'র মধ্যে। তখন সঙ্গে দেবেন যাবতীয় প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত নকল আর ড্রাফটের মূল। দরখাস্ত পাঠাবেন এই ঠিকানায় : CGM (HR &A), HR Department, Dr. B.R. Ambedkar Bhavan, Goa Shipyard Limited, Vasco-Da-Gama, Goa-403802.

## ১৩ ইঞ্জিনিয়ার

১ পাতার পর

লোক নিচ্ছে।

ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ই অ্যান্ড টি, টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ৪ বছরের ডিগ্রি (বি.ই., বি.টেক.) কোর্স পাশরা মোট অন্তত ৫৫% (তপশিলী, প্রতিবন্ধী হলে সাধারণভাবে পাশ) পেয়ে থাকলে যোগ্য। অন্তত ২ বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ৩২ বছরের মধ্যে। শুরুতে ২ বছরের জন্য নেওয়া হবে। তবে তার মেয়াদ আরো ২ বছরের জন্য বাড়ানো হতে পারে। মাইনে প্রথম বছর মাসে ৪০,০০০ টাকা, দ্বিতীয় বছর ৪৫,০০০ টাকা। শূন্যপদ : ১৩টি (জেনাঃ ৪, ও.বি.সি. ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ৩)।

সব পদের বেলায় বয়স হতে হবে ১-৩-২০২২'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। চাকরি হবে কেরলে।

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর, পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা আর ইন্টারভিউয়ে পাওয়া নম্বর দেখে।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের সঙ্গে দেবেন যাবতীয় প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত নকল। দরখাস্তের আগে পরীক্ষা ফী বাবদ ৪৭২ টাকা সি.বি.আই. কালেক্টে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধীদের ফী লাগবে না। দরখাস্ত পাঠাবেন ৯ এপ্রিলের মধ্যে। এই ঠিকানায় : DGM (HR / MR, MS&ADSN), Bharat Electronics Limited, Jalahalli P.O., Bengaluru- 560013.

# পর্যটন শিল্পে সামনের ২ বছরে ২-৩ লাখ নিয়োগ

**মাধ্যমিক যোগ্যতায় ১ বছরে নিয়োগ**

নিজস্ব সংবাদদাতা, সল্টলেক : হোটেল অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়ার সাম্প্রতিক একটি পরিসংখ্যান অনুযায়ী সামনের ১-২ বছর হোটেল ম্যানেজমেন্ট শিল্পে সবচেয়ে বেশি নিয়োগ হবে। সংখ্যাটা প্রায় ২ থেকে ৩ লাখ। কিন্তু কীভাবে? জানতে আমরা সরাসরি যোগাযোগ করেছিলাম দীর্ঘদিন হোটেলের সঙ্গে জড়িত ও ১৩ বছরের পুরনো সংস্থা গ্লোবাল ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট স্টাডিজের কর্ণধার মমিনুল আকন্দের সঙ্গে। তাঁর মতে, 'দেখুন, এটা সত্যি কথা যে, কোভিড অতিমারির জন্য সবচেয়ে বেশি ক্ষতি হয়েছে হোটেল ইন্ডাস্ট্রির। সবচেয়ে বেশি কাজ হারিয়েছে এই পেশার সঙ্গে যুক্ত মানুষ। আর এইজন্যই কোভিডের প্রকোপ কমে যাওয়ার পর সবচেয়ে বেশি চাকরিও পাবে এই ইন্ডাস্ট্রির সঙ্গে যুক্ত ছেলেমেয়েরা-ই। তাঁর মতে, শুধুমাত্র হোটেল ইন্ডাস্ট্রি নয়, পুরো পর্যটন শিল্পে সামনের ২ বছরে যা নিয়োগ হবে, তা — এর আগে যেমন কখনো হয়নি, তেমনি ভবিষ্যতেও কখনো হবে না।' তাঁর মতে, 'মাধ্যমিক পাশ করে বসে না থেকে সরাসরি চাকরি পাবে এমন কোর্সে ভরতি হয়ে নিজের ভবিষ্যত সুরক্ষিত করা খুবই দরকার।' তাই এজন্য ডিপ্লোমা ইন হোটেল ম্যানেজমেন্ট কোর্সটা খুবই সময়োপযোগী। ১ বছরের কোর্স। GIMS-এ কোর্স করতে করতে ১ মাসের মধ্যেই সরাসরি Casual Training (CT) এর জন্য পাঁচতারা হোটেলে পাঠানো হয়। ফলে কোর্স ফি'র একটি বড় অংশ ছেলেমেয়েরা নিজের উপার্জন থেকেই দিতে পারে। এছাড়াও প্রথম মাস থেকে সরাসরি হোটেলে প্র্যাকটিক্যাল ট্রেনিং শুরু হওয়াতে ছেলেমেয়েরাও নিজেদের যোগ্যতার ব্যাপারে কনফিডেন্ট থাকে — যা ১ বছরের মধ্যেই তাকে চাকরি পেতে অনেকটাই সাহায্য করে। মাধ্যমিক যোগ্যতায় ১ বছরের মধ্যে কীভাবে ভদ্রস্থ মাইনের চাকরি পাবেন তা জানতে সরাসরি ফ্রী কাউন্সেলিংয়ের জন্য যোগাযোগ করুন এই নম্বরে : ৯৮৩৬২৪৩৫৫৫, ৮৪২০১১৬৮৪৩ অথবা স্বচক্ষে দেখতে সরাসরি চলে যান ক্যাম্পাসে : GIMS, লোকনাথ পার্ক, চিনার পার্কের কাছে (আটঘরা), আমিনিয়া রেস্টুরেন্টের পেছনে, কলকাতা- ৭০০১৫৭।


**PAHARPUR** — **পাহাড়পুর কুলিং টাওয়ার্স লিমিটেড**

নিম্নলিখিত ক্ষেত্রে ভারতের বিভিন্ন প্রজেক্ট সাইটে নিয়োগ করছে

- ফিটার ▶ ৩+ বছরের অভিজ্ঞতা সহ আইটিআই-দের অগ্রাধিকার।
- ওয়েল্ডার ▶ ৩+ বছরের অভিজ্ঞতা সহ আইটিআই-দের অগ্রাধিকার।
- মিলরাইট ফিটার ▶ ৩+ বছরের অভিজ্ঞতা সহ আইটিআই-দের অগ্রাধিকার।
- ইলেক্ট্রিশিয়ান ▶ লাইসেন্স হোল্ডার আইটিআইদের অগ্রাধিকার।
- রিগার ▶ ৩+ বছরের অভিজ্ঞতা সহ আইটিআই-দের অগ্রাধিকার।

বেতন : আলোচনা সাপেক্ষ • সুযোগ-সুবিধা : পিএফ, ইএসআই, বোনাস প্রজেক্ট সাইটে কোম্পানির তরফ থেকে থাকার জায়গা দেওয়া হবে

ইচ্ছুক ব্যক্তিরা যোগাযোগ করতে পারেন :
ফোন : 033-40133-127 / 115, ই-মেল : hrd@paharpur.com
অফিসের ঠিকানা : পাহাড়পুর হাউস, ৮/১/বি, ডায়মন্ডহারবার রোড, কলকাতা- ৭০০০



**NSIC-TECHNICAL SERVICES CENTRE**
(Govt. of India Enterprise, under Ministry of MSME)
JAPANIGATE, BALITIKURI, HOWRAH - 711 113, WEST BENGAL

**NCVT Courses (NSQF Level)**
- Electrician (২ বছর)
- Fitter (২ বছর)
- Machinist (২ বছর)
- Surveyor (২ বছর)
- Draughtsman Mechanical (২ বছর)
- Welder (১ বছর) অষ্টম পাশ

আপনি কি মাধ্যমিক পাশ?
সরকারী এবং বেসরকারী সংস্থায় চাকরির সুযোগ

সকল বিষয় জানার জন্য শিক্ষা কেন্দ্রে আসুন

**ADVANCED FACILITIES**
A) ON JOB TRAINING & INDUSTRIAL VISIT
B) 100% PLACEMENT ASSISTANCE
C) MODERNIZED TOOL ROOM
D) CNC, SCHNEIDER ELECTRICAL LAB, SMART ELECTRONICS LAB, NABL ACCREDITED ELECTRICAL AND MECHANICAL LAB, IT LAB.
E) EXPERIENCED FACULTY

আগে এলে আগে ভর্তি — ITI পাঠ্যক্রমে ভর্তি চলিতেছে

For further details:
CALL : 9038396563 | 9153294485 | 9679244844
https://www.nsic.co.in/NTSC/NTSC-Howrah.aspx



**SLST+ প্রাথমিক TET**
নতুন নিয়ম অনুসারে
TET/PT + কম্পালসারি বাংলা ও ইংরাজি + বাংলা, ইংরাজি, এডুকেশন, ভূগোল, ইতিহাস, কর্মশিক্ষার বিষয়ভিত্তিক নোট (২ মার্কের) ও কোচিং।
সোনারপুর, মেচেদা, বর্ধমান
9831274056



**GNM-ANM JENPAS 2022**
নার্সিং এন্ট্রান্সের ক্লাস শুরু 29 এপ্রিল
22 বছরের বিশ্বস্ত প্রতিষ্ঠান
অত্যন্ত কম খরচে স্বল্পমেয়াদি ক্লাসরুম, পোস্টাল ও মক টেস্ট কোর্সে ভর্তি চলছে
মাস্টার জি
20/1, বালিগঞ্জ স্টেশন রোড, কলকাতা-19
9163298566



**WEBEL EDUCATION & TRAINING on IT/ITeS (WIL Division)**
Join our Technical Skill building Courses
124+ STATE-WIDE AUTHORIZED TRAINING CENTRES
Webel — A Govt. of West Bengal Undertaking

COURSES

**Diploma in:**
- Software Application
- IMPACT (IMPACT + IMPACT Plus)
- Web Scripting
- IT Application
- Database Programming
- Financial Accounting
- Data Entry Operation
- Multimedia
- Hardware Technology

**Certificate in:**
- Advanced Excel
- PHP
- Computer Application
- Tally
- C & C++
- Python
- Oracle Database
- Core Java
- Advanced Java
- Dot Net
- Networking

**Global Certification**
- Cisco Certified Network Associate (CCNA)
- RedHat Certified Engineer (RHCE)

033-228335 68/69, 9433337343, 8100234555
Franchise Enquiries Solicited
www.webelinformatics.com
225F A.J.C. Bose Rd. (on Lower Rowden Street), 4th Floor, Kolkata 700 020.



# ভারত সরকার অনুমোদিত কম্পিউটার প্রশিক্ষনের সেরা ঠিকানা

# রবীন্দ্রনাথ ঠাকুর জাতীয় যুব কেন্দ্র

RTNYC — www.rtnyc.in

Registered Under Ministry of Corporate Affairs, Govt. of India
Corporate Identification No:- U80301WB2021PTC249100.
An ISO 9001:2015 Certified Organization

Toll-free No. 18008891005

আপনি কি মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক পরিক্ষার্থী?
ভবিষ্যত নিয়ে চিন্তিত?
আর চিন্তা নেই আমাদের কাছে আছে আপনার সুনিশ্চিত ভবিষ্যত গড়ার সুযোগ

**কম্পিউটার ডিপ্লোমা ও এ্যাডভান্স ডিপ্লোমা কোর্স**

এছাড়াও বিভিন্ন কোর্স গুলি হল
CITA, DITA, DIBA, PGDCA, ADITA, DTP, TALLY

ভর্তি চলছে

ভর্তির জন্য আপনার নিকটবর্তী প্রশিক্ষন কেন্দ্রে যোগাযোগ করুন

ভোকেসোনাল কোর্স :- • হোটেল ম্যানেজমেন্ট • হসপিটালিটি ম্যানেজমেন্ট • টেলারিং • বিউটিসিয়ান ও ব্রাইডাল মেকআপ

কেনো শিখবেন এখানে?
1. বর্তমানে কম্পিউটার শিক্ষা চাকুরী/ব্যবসায় একান্ত প্রয়োজন।
2. ভারত সরকার দ্বারা স্বীকৃত, তাই 100% সর্বত্র গ্রাহ্য।
3. ডিপ্লোমা কোর্সের খরচে এডভান্সড ডিপ্লোমা (বিশেষ ছাড়)।
4. কোর্সের সাথে বাংলা ও ইংরাজি টাইপিং ফ্রী
5. Theory Class বাংলায় করার সুবিধা।
6. Class এ দক্ষ Teacher থাকায় শিখতে সুবিধা হয়।
7. 1 টি কম্পিউটার-এ একজন করে বসানো হয়।
8. অনলাইন ভেরিফিকেশন Result ও Registration দেখার সুবিধা।

FREE Student's Kits

প্রশিক্ষন কেন্দ্র খুলে নিজের ভবিষ্যত গড়তে যোগাযোগ করুন

CALL US NOW 8640863565
helplinertnyc@gmail.com
RTN CTC INDIA

Regd. Office :- G.N.P.C Road, Ranaghat, Nadia, Pin- 741201
Corporate Office :- 52/1 Surya Sen Street, Kolkata-700009

## রেলের এন.টি.পি.সি'র

১ পাতার পর

সি.বি.টি. টেস্টের ফল এবছর জানুয়ারিতে বেরিয়েছিল। নিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতা আনতে এবছর ফেব্রুয়ারি মাস নাগাদ একটি উচ্চ পর্যায়ের কমিটি তৈরি করে প্রথম পর্যায়ে যারা পরীক্ষা দিয়েছিল তাদের থেকে সরাসরি অভিযোগ জমা নিয়েছিল। তার রিপোর্টের ভিত্তিতে নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরি (এন.টি.পি.সি.) -এর প্রথম পর্যায়ের সি.বি.টি. টেস্ট-এ বাড়তি প্রার্থীদের অতিরিক্ত তালিকা বের হল। এই তালিকায় আগের সফল প্রার্থীদের নামের পাশাপাশি আরো নতুন প্রার্থীদের নাম প্রকাশিত হয়েছে অর্থাৎ, মোট শূন্যপদের ২০ গুণ প্রার্থীকে সি.বি.টি-।। পরীক্ষার জন্য ডাকা হয়েছে। সেক্ষেত্রে কাট অফ নম্বরও বদল হয়েছে।

সফলদের এরপর দ্বিতীয় পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট (সিবিটি-।।) পরীক্ষা হবে মে মাস নাগাদ। খুব শিগগিরই পরীক্ষার তারিখ ঘোষণা করা হবে। পরীক্ষা শুরুর ১০ দিন আগে থেকে মনোনীত প্রার্থীদের এস.এম.এস. বা, ই-মেল করে পরীক্ষার তারিখ ও অ্যাডমিট কার্ড ডাউনলোড সংক্রান্ত তথ্য জানানো হবে।

নতুন তালিকায় লেভেল-২'এর কাট অফ নম্বর হয়েছে জেনাঃ ৬৮.৬৪০৫৬, তঃজাঃ ৫৯.৫৮২৩৫, তঃউঃজাঃ ৫১.৮৯৪৩৫, ও.বি.সি. ৬৫.০৯৬৪৩, ই.ডব্লু.এস. ৫৬.৭১৭৮৫।

লেভেল-৩'এর কাট অফ নম্বর হয়েছে জেনাঃ ৭৫.৪৮৭৪৪, তঃজাঃ ৬৫.০২৬১১, তঃউঃজাঃ ৬০.৯৫৩৯, ও.বি.সি. ৭২.৪৪০১২, ই.ডব্লু.এস. ৬৫.১৮১১।

লেভেল-৪'এর কাট অফ নম্বর হয়েছে জেনাঃ ৭১.৬১৯৬৭, তঃজাঃ ৬০.৯১৪০৮, তঃউঃজাঃ ৫০.৭২২২২, ও.বি.সি. ৬৬.০৭৪৪৮, ই.ডব্লু.এস. ৫৮.৮৩৯৩৬।

লেভেল-৫'এর কাট অফ নম্বর হয়েছে জেনাঃ ৭৩.২৭৫২৬, তঃজাঃ ৬২.১০৪০৯, তঃউঃজাঃ ৫১.৯৩৩৫১, ও.বি.সি. ৬৭.০৫৫১৯, ই.ডব্লু.এস. ৬০.৫৩২৫৬।

লেভেল-৬'এর কাট অফ নম্বর হয়েছে জেনাঃ ৮৫.২৫৪৯৭, তঃজাঃ ৭৮.২৪৩৩৮, তঃউঃজাঃ ৬৭.৪৯১৮, ও.বি.সি. ৮০.০৪২৪৩, ই.ডব্লু.এস. ৭৯.৯৯১৬২।

দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টে ১২০ নম্বরের ১২০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (২) অঙ্ক - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের স্থানীয় ভাষায়, ইংরিজি, হিন্দি ও উর্দুতে। কলকাতা, শিলিগুড়ি, মালদা, রাঁচী ও গুয়াহাটি রেল রিক্রুট. বোর্ডের পরীক্ষায় প্রশ্ন হবে বাংলায়।

ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন পরীক্ষার ১ সপ্তাহ আগে থেকে সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইট থেকে। এই পদে দরখাস্তকারীর সংখ্যা ছিল ১ কোটি ২৬ লাখ।


ADMISSION NOTICE FOR JULY'2022

CCPTR under aegis of Maulana Abul Kalam Azad University of Technology (MAKAUT) West Bengal, Formerly Known as West Bengal University of Technology.

BNG hotel management institute
AN ISO 9001 : 2015 CERTIFIED

WEST BENGAL STUDENT CREDIT CARD AVAILABLE

HOTEL & HOSPITALITY MANAGEMENT

1. Diploma in Hospitality Management - 12 Months
2. Diploma in Food Production & Beverages - 12 Months

TOTAL Course Fees 45,000/-

PLACEMENT ASSISTANCE

• Residential (In Campus) Hostel • Easy Installments
• Impeccable Training & Placement record

BNG - WINNER OF TIMES LEADING HOTEL MANAGEMENT SCHOOL OF THE YEAR 2020

আসন খালি থাকা অবধি ভর্তি চলবে

BNG HOTEL MANAGEMENT INSTITUTE, KOLKATA
Campus : Near Sector V - Saltlake & New Town Bridge, Bus stop - Coal Bhawan.
W : www.bngkolkata.com | E : admin@bngkolkata.com | P : +91 98307 96307
Toll Free No. : 1800 891 1508
WE WELCOME EDUCATIONAL CONSULTANTS





An ISO 9001 : 2015 & ISO 21001 : 2018 Certified Organization

INFORMATION TECHNOLOGY DEVELOPMENT BOARD
(A Venture of Swapnil Foundation)

বিনামূল্যে কম্পিউটার প্রশিক্ষণ। সঙ্গে আকর্ষণীয় উপহার সামগ্রী। সময়সীমা - ৩ মাস। Project : IT SIKSHA

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীদের জন্য Computer এবং Vocational Certificate ও Diploma Course-এ ভর্তি চলছে

ভর্তির জন্য আজই যোগাযোগ করুন

নদিয়া
রানাঘাট রথতলা : 9734894017
বেড়াকামগাছি : 8159000877
পায়রাডাঙা : 9933352599
জামালপুর : 9749670349
তাহেরপুর : 8617576057
হাঁসখালি : 8514841836
বীরনগর : 7001509517
নবদ্বীপ : 9434759575

মুর্শিদাবাদ
ইসলামপুর : 9647261998
বিকলনগর : 9775280100
গোবিন্দপুর ভগবানগোলা : 8642009874

মালদা
হিরানন্দপুর : 9775810733
দক্ষিণ চন্ডিপুর : 9614533357

বাঁকুড়া
ওন্দা : 9434231065
রাজগ্রাম : 7908087760
পাঁচমুড়া : 8768912238
মাকুরগ্রাম: 7003277693

কলকাতা
বেলেঘাটা : 9123710342

২৪ পরগনা
মধ্যমগ্রাম : 9804815575
সাজিরহাট : 7686082934
রহড়া খড়দা : 7003828634
দমদম ক্যান্টনমেন্ট : 8240785443
সোদপুর : 9007844994
গাজীখালি বাজার : 9733877742
কল্যাণগড় : 7001446006
গোবরডাঙা : 9333950915
বনগাঁ : 8350088200
চাঁদপাড়া : 9563283986
শিবদাসপুর : 7980869307

পুরুলিয়া
ঝালদা : 7870616239
গোপালনগর : 9641144915

বীরভূম
বিষ্ণুপুর : 7501396267
ময়ূরেশ্বর : 7001829673

দিনাজপুর
হেমতাবাদ : 9434581134
করণদিঘী : 8250863408
রতনপুর : 7363009295

পূর্ব মেদিনীপুর
আলানগিড়ি : 9732860145

হুগলি
খামারগাছি : 7699387699
ত্রিবেণী : 9123323530

বর্ধমান
মানকর : 9563127341
ধাত্রিগ্রাম : 7001449891
বেনাচিতি : 9232441317
দুর্গাপুর : 7718577645
আসানসোল : 9531599888
সূর্যসেনপার্ক আসানসোল : 8293226909

জলপাইগুড়ি
জুরাপানি : 8918003799
ক্রান্তিহাট : 7076885855

হাওড়া
বেলুড় : 9038504751
শ্যামপুর : 8101870580

কোচবিহার
পুটিমারি : 9734003127
নাজিরহাট মেনরোড : 9609804715
বলরামপুর : 9382429552
ভূলকি : 8016373905
বক্সিরহাট : 9749271471

আলিপুরদুয়ার
জটেশ্বর : 7318916862
লিচুতলা : 9832008799

ITDB অনুমোদিত কম্পিউটার সেন্টার খুলতে আজই যোগাযোগ করুন — 7699745011, 9851804482

Head Office : ওল্ড বহরমপুর রোড, রানাঘাট, নদিয়া। Website : www.itdb.in


## ১,৬২৫ জুনিয়র টেকনিশিয়ান

১ পাতার পর

তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শুরুতে ১ বছরের চুক্তিতে নেওয়া হবে। প্রয়োজনে আরো ২ বছর বাড়তে পারে। পারিশ্রমিক প্রথম বছর মাসে ২০,৪৮০ টাকা, দ্বিতীয় বছর মাসে ২২,৫২৮ টাকা ও তৃতীয় বছর মাসে ২৪,৭৮০ টাকা। শূন্যপদ : ইলেক্ট্রনিক্স মেকানিকে ৮১৪টি (জেনাঃ ৩২৬, ও.বি.সি. ২২০, তঃজাঃ ১৩০, তঃউঃজাঃ ৫৭, ই.ডব্লু.এস. ৮১)। ইলেক্ট্রিশিয়ানে ১৮৪টি (জেনাঃ ৭৪, ও.বি.সি. ৫০, তঃজাঃ ২৯, তঃউঃজাঃ ১৩, ই.ডব্লু.এস. ১৮)। ফিটারে ৬২৭টি (জেনাঃ ২৫২, ও.বি.সি. ১৬৯, তঃজাঃ ১০০, তঃউঃজাঃ ৪৪, ই.ডব্লু.এস. ৬২)। এই পদের বিজ্ঞপ্তি নং : 13/2022.

দরখাস্ত দেখে প্রাথমিক বাছাই প্রার্থীদের থেকে মোট শূন্যপদের ৪ গুণ প্রার্থীর নাম ধরে মেধা তালিকা তৈরি হবে। তারপর সার্টিফিকেট ভেরিফিকেশন।

আগ্রহী প্রার্থীরা দরখাস্ত করবেন অনলাইনে, ১১ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.ecil.co.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। তারপর ওপরের ওই ওয়েবসাইটে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## সৈনিক স্কুলে ২১

১ পাতার পর

পদের জন্য যোগ্য :

**ওয়ার্ড বয় :** মাধ্যমিক পাশরা ইংরিজিতে কথাবার্তা বলতে পারলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৫০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৯,৯০০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)।

**জেনারেল এমপ্লয়ী :** মাধ্যমিক পাশরা যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৫০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৮,০০০ টাকা। শূন্যপদ : ১৯টি (জেনাঃ ৫, ও.বি.সি. ৮, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, প্রতিবন্ধী ১)।

দুই ক্ষেত্রেই বয়স হতে হবে ১-৪-২০২২'এর হিসাবে। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা, শারীরিক সক্ষমতার পরীক্ষা ও স্কিল টেস্টের মাধ্যমে।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.sainikschooltilaiya.org তখন সঙ্গে দেবেন যাবতীয় প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত নকল, নিজের নাম-ঠিকানা লেখা ও ২৫ টাকার ডাকটিকিট সাঁটা একটি খাম আর ৪০০ (তপশিলী হলে ২৫০) টাকার অ্যাকাউন্ট পেয়ী ডিমান্ড ড্রাফট। 'Principal, Sainik School Tilaiya' ও পেয়েবল অ্যাট লিখবেন State Bank of India, Sainik School Tilaiya Branch (Code 3502)'. দরখাস্ত পৌঁছনো চাই ২৩ এপ্রিলের মধ্যে। এই ঠিকানায় : The Principal, Sainik School Tilaiya, Po-Tilaiya Dam, Dist-Koderma, Jharkhand - 825413.

## কলকাতা পুর নিগমে চাকরি

১ পাতার পর

কোন পদের জন্য যোগ্য :

**সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল) :** পলিটেকনিক থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩৭ বছরের মধ্যে। মূল মাইনে পে লেভেল-১২ অনুযায়ী। শূন্যপদ : ১টি (তঃউঃজাঃ)। এই পদের Advertisement No. 6 of 2022.

**সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল) :** পলিটেকনিক থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩৭ বছরের মধ্যে। মূল মাইনে পে লেভেল-১২ অনুযায়ী। শূন্যপদ : ৫টি (জেনাঃ ৩, তঃউঃজাঃ ১, জেনাঃ প্রতিবন্ধী ১)। এই পদের Advertisement No. 7 of 2022.

সব পদের বেলায়ই বয়স হতে হবে ১-১-২০২২'র হিসাবে। তপশিলী, প্রতিবন্ধী, ও.বি.সি. আর পুরসভায় কর্মরতরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করবে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। প্রথমে লিখিত পরীক্ষা হবে কলকাতায়। সফল হলে পার্সোন্যালিটি টেস্ট বা, ইন্টারভিউ হবে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পরে আপলোড করা হবে এই ওয়েবসাইটে : www.mscwb.org

দরখাস্ত করবেন অনলাইনে, ১ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : www.mscwb.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। অনলাইনে যাবতীয় তথ্য দেওয়ার পর সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ২০০ ( তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০) টাকা জমা দেবেন অনলাইন মেথডে (through Indiaideas.com Limited -Bill Desk) এ। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ৩০২ মাল্টি স্কিল্ড ওয়ার্কার

১ পাতার পর

(ম্যাসন) ও মাল্টি স্কিল্ড ওয়ার্কার (নার্সিং অ্যাসিস্ট্যান্ট) ট্রেডে ৩০২ জন ছেলে নিচ্ছে। শূন্যপদ : মাল্টি স্কিল্ড ওয়ার্কার (ম্যাসন) ১৪৭টি (জেনাঃ ২৬, ও.বি.সি. ৫৬, তঃজাঃ ৩০, তঃউঃজাঃ ১৫, ই.ডব্লু.এস. ২০)। মাল্টি স্কিল্ড ওয়ার্কার (নার্সিং অ্যাসিস্ট্যান্ট) ১৫৫টি (জেনাঃ ৫৫, ও.বি.সি. ৪৪, তঃজাঃ ২৬, তঃউঃজাঃ ১৩, ই.ডব্লু.এস. ১৬)। এই পদের বিজ্ঞপ্তি নং : 01/2022.

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে শারীরিক সক্ষমতার পরীক্ষা / লিখিত পরীক্ষা /প্রাক্টিক্যাল টেস্ট হবে।

দরখাস্তের বয়ান-সহ বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.bro.gov.in কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি, পরীক্ষা ফী ইত্যাদি সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ইন্দিরা গান্ধী টেকনোলজিক্যাল অ্যান্ড মেডিক্যাল সায়েন্সেস বিশ্ববিদ্যালয়ে বৃত্তিমূলক শাখায় প্যারামেডিক্যাল কোর্স

নিজস্ব সংবাদদাতা : বর্তমান চাকরির দুনিয়ায় পেশাদারি কোর্সের চাহিদা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। তথাকথিত শিক্ষাক্রমের পর অনেকেই যোগ্যতামান কম থাকায় কোর্স করার সুযোগই পান না। কাজের জগতে চাহিদা ও জোগানের সঙ্গে সঙ্গতি রেখে ইন্দিরা গান্ধী টেকনোলজিক্যাল অ্যান্ড মেডিক্যাল সায়েন্সেস ইউনিভার্সিটি ক্লাস এইট থেকে গ্র্যাজুয়েট যোগ্যতার ছেলেমেয়েদের জন্য ভোকেশনাল শাখায় প্যারামেডিক্যাল এর বিভিন্ন কোর্স শুরু করেছে। ক্লাস এইট পাশ ছেলেমেয়েরা ভর্তি হতে পারেন ৬ মাস মেয়াদের এইসকল সার্টিফিকেট কোর্সে — জেনারেল ডিউটি অ্যাটেনডেন্ট, বেসিক ফিজিওথেরাপি, রেডিওগ্রাফি অ্যাসিসটেন্টশিপ, যোগা এন্ড এক্সারসাইজ, ইলেকট্রোকার্ডিওগ্রাফি, ফ্লেবোটমি। মাধ্যমিক পাশ প্রার্থীরা ভর্তি হতে পারবেন ১ বছর মেয়াদের এইসকল ডিপ্লোমা কোর্সে — প্র্যাকটিক্যাল নার্সিং, মেডিক্যাল ট্রান্সক্রিপশন, বেসিক ফিজিওথেরাপি, রেডিওলজি অ্যাসিসটেন্টশিপ ও সার্টিফিকেট ইন ভিশন টেকনোলজি কোর্সে। উচ্চমাধ্যমিক যোগ্যতার ছেলেমেয়েরা আবেদন করতে পারবেন ভোকেশনাল শাখার এইসব ডিগ্রি কোর্সে — অপ্টোমেট্রি, ফিজিওথেরাপি, ল্যাবোরেটরি টেকনোলজি, ও.টি. টেকনোলজি, রেডিওলজি এন্ড ইমেজিং টেকনোলজি, ডায়ালিসিস টেকনোলজি, কার্ডিয়াক টেকনোলজি, স্যানিটারি ইন্সপেকশন, হসপিটাল এন্ড হেলথ কেয়ার অ্যাডমিনিস্ট্রেশন, ন্যাচোরোপ্যাথি এন্ড যোগা সায়েন্সেস, ডায়েটারি নিউট্রিশান, ডেন্টাল টেকনোলজি এন্ড হাইজিন। অপটোমেট্রি ও ফিজিওথেরাপি কোর্স দুটির মেয়াদ ৪ বছর ৬ মাস; বাকি কোর্সগুলির প্রতিটির মেয়াদ ৩ বছর। সংশ্লিষ্ট শাখার গ্র্যাজুয়েট প্রার্থীরা ভর্তি হতে পারবেন ২ বছর মেয়াদের এইসকল মাস্টার ডিগ্রি কোর্সে — অপটোমেট্রি, ল্যাবোরেটরি টেকনোলজি, রেডিওলজি এন্ড ইমেজিং টেকনোলজি, জেরিয়েট্রিক কেয়ার, ন্যাচরোপ্যাথি, যোগা, ডায়েটারি নিউট্রিশন, হসপিটাল এন্ড হেলথ কেয়ার অ্যাডমিনিস্ট্রেশন। প্রতিটি কোর্সে থিওরির পাশাপাশি হাতেকলমে কাজ শেখার সুযোগ রয়েছে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন এই ঠিকানায় — Kalyani WEBEL IT PARK, Phase-II, Kalyani-Barrackpore Express Way, Opposite to Water Treatment Plant, Near Buddha Park, Kalyani, Nadia. Mob : মোবাইল- 9339218894, 9477425536

## রামকৃষ্ণ মিশন শিল্পমন্দিরে পলিটেকনিকের ডিপ্লোমা কোর্সে ভরতি

নিজস্ব সংবাদদাতা : রামকৃষ্ণ মিশন শিল্পমন্দির ২০২২-২০২৩ (AICTE & WBSCT & VE & SD অনুমোদিত) সেশনে এই ৪টি ট্রেডে ৩ বছরের ডিপ্লোমা কোর্সে ভরতি নিচ্ছে — সিভিল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং ও ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং। গড়ে ৫০ শতাংশ নম্বর পেয়ে মাধ্যমিক বা সমতুল কোর্স পাশরা আবেদন করতে পারেন। মাধ্যমিকে ম্যাথমেটিক্স ও ফিজিক্সে ৬০ শতাংশ নম্বর থাকা চাই। বয়স হতে হবে ১.৭.২০২২ এর হিসাবে ২১ বছরের মধ্যে। শুধুমাত্র ছেলেরাই আবেদন করবেন। এখানে উন্নত পরিকাঠামোর মধ্যে রয়েছে বেলুড় মঠের কাছে সুন্দর ক্যাম্পাস, প্লেসমেন্টের সাহায্য, পার্সোন্যালিটি ডেভেলপমেন্ট, শিল্প ভিজিট, রেল কনসেশনের সুবিধা ও উন্নত লাইব্রেরির সুযোগ। অনলাইন আবেদনের শেষ দিন ২৪.৪.২০২২। অনলাইন আবেদন ফী ৫০ টাকা। যোগাযোগ- রামকৃষ্ণ মিশন শিল্পমন্দির, ২০৮, জি টি রোড, বেলুড় মঠ, হাওড়া-৭১১২০২, ফোন- ৯৪৩৩০১২৪৬৩। ওয়েবসাইট- www.shilpamandira.org / www.belursat.org


**BOOK INDIA**

**Urgently Required**

1. ACCOUNTANT
(Cashier & Accountant, Men / Women with 5 years experience)

2. SALES EXECUTIVE
(Men / Women district wise posting, Below age 35 years HS / Graduate, experience preferred)

3. MARKETING SUPERVISOR
(Experience in any field, Below age 40 years)

4. GODOWN SUPERVISOR
(Experience with computer knowledge)

5. DTP
(Advance level Cum Page Setter, experience preferred)

6. Telecaller (Digital Marketing)
(Below age 27 Years - only unmarried women)

Send your C.V.
bookindia20@gmail.com

Office: 033 7965 6051
(10 am to 6 pm)
Mobile: 8100158847



**Teacher Recruitment**

**SANTIPUR PUBLIC SCHOOL**

(Affiliated to W.B.B.P.E & W.B.B.S.E)
Santipur Bypass Campus, Beside NH-34, P.S : Santipur, Dist : Nadia

10 mins walking distance from Santipur Station & 5 mins walking distance from Bus Stand.

E-Mail : spsrecruitmentcell@gmail.com
Contact No. : 9851290794 / 9153135804

**Requires**

1. VICE PRINCIPAL : PG;B.ED. with minimum 5 years teaching experience in any recognised school.
2. PGT / TGT for Computer Science : MCA / BCA candidates with good personality and fluency in English.
3. PGT / TGT for Bengali : B.Ed or D.El.Ed candidates with good personality and fluency in English.
4. PGT / TGT for Mathematics : B.Ed or D.El.Ed candidates with good personality and fluency in English.
5. PRT : Female with pleasing personality and fluency in English.

N.B. : *Interested candidates are requested to send their biodata to above mentioned E-mail ID within 7 days.*

Sd/-
President (Santipur Public School)



**GENEX NURSING INSTITUTE**

Vill- Mulkathi, P.O.- Machkhanda, P.S- Raina-I, Dist- Purba Burdhaman, Pin- 713103



Recognize By : Swasthya Bhawan Government of West Bengal,
Order No : (HNG/4T-5-2019/Pt-I/1180)
Affiliated By: W.B.N.C. Order No- (947/07/NC)
Approved By: I.N.C Order No- (18-32/14865-INC/18424)

চিকিৎসা পরিষেবায় পুরুষ নার্সদের চাহিদা এখন বিপুল



সরাসরি কলেজে ভর্তি

**GNM**

(Male) students

সীমিত আসনের জন্য শেষ সুযোগ

Session 2021-2022

অত্যাধুনিক কলেজ ক্যাম্পাস ও ফ্রী Wi-Fi পরিষেবা
স্বাস্থ্য উপযোগী হোস্টেল ও স্বাস্থ্যকর খাবারের ব্যবস্থা

9748305453, 8335083933
Email: genexnursinginstitute@gmail.com



FIEM

**FORTUNE INSTITUTE**

ADMISSION GUIDANCE CUM INFORMATION CENTER

COURSES OFFERED FROM UGC-AICTE-NCTE BCI-PCI-INC RECOGNIZED UNIVERSITIES

Diploma Engineering, B.Tech, M.Tech, BBA, MBA, BCA, MCA

Paramedical

D.Pharma, B.Pharma, M.Pharma

LLB, LLM, D.Ed., B.Ed., M.Ed., B.P.Ed., M.P.Ed.

B.Com, M.Com, B.Sc., M.Sc., Ph.D All

140/2, CARRY ROAD, HOWRAH- 711104

9830796987, 9903469897, 9836709979



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উত্তীর্ণ শিক্ষার্থীদের ভবিষ্যৎ গড়ার সুযোগ

FIHM

**FORTUNE INSTITUTE OF HOTEL MANAGEMENT**

An ISO 9001 : 2015 Certified Institute

AFFILIATED TO WEST BENGAL STATE COUNCIL OF TECHNICAL & VOCATIONAL EDUCATION & SKILL DEVELOPMENT

**BACHELOR OF HOSPITALITY MANAGEMENT**
(Eligibility : 12th Pass from Recognized Board, Duration : 3 Years)

**DIPLOMA IN HOTEL MANAGEMENT**
(Eligibility : 10th / 12th Pass from Recognized Board, Duration : 1 Year)

140/2, CARRY ROAD, HOWRAH- 711104

8961465696

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এইবিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ইমেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## রেলে চাকরির

■ রেলের এন.টি.পি.সি.-র দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা হবে জুলাই মাসের মধ্যে। 'কর্মসংস্থান' দেখে জানলাম। তাহলে ফর্ম পূরণ করবে শুরু হবে? — সায়ন দাস, বৈদ্যবাটী, হুগলি।

■■ রেলের এন.টি.পি.সি. ক্যাটেগরির প্রথম পর্যায়ের পরীক্ষায় সফলদের দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা হবে। যাঁরা প্রথম পর্যায়ের পরীক্ষা দিয়েছিলেন, তাঁরাই দ্বিতীয় পর্যায়ের পরীক্ষায় যোগ্য। নতুন করে এখন দরখাস্ত নেওয়া হবে না।

■ পূর্ব রেলের অ্যাপ্রেন্টিস পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? — দেবপ্রকাশ বাগদী, মেটেগ্রাম, ঝিরুল, বীরভূম।

■■ পূর্ব রেলের ২,৯৭২টি শূন্যপদে অ্যাপ্রেন্টিস নেওয়া হবে। বিস্তারিত তথ্য এই সংখ্যায় দেওয়া হয়েছে।

## পুলিশে চাকরির

■ ফুডের সাব-ইন্সপেক্টর পদের জন্য ৯৯৭ জনের যে চূড়ান্ত তালিকা বেরিয়েছিল, তার নিয়োগ কবে হবে? এই পরীক্ষা কি বাতিল হবে? — অরুণ চক্রবর্তী অশোকনগর, হাবড়া, উত্তর ২৪ পরগনা।

■■ খাদ্য দফতরের সাব-ইন্সপেক্টর পদের নিয়োগের ওপর অনিয়মের অভিযোগে স্টেট অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইব্যুনাল (স্যাট)-এর বিচারপতি সৌমিত্র পাল ও প্রশাসনিক সদস্য সৈয়দ আহমেদ-এর ডিভিশন বেঞ্চ এর নির্দেশে ওই প্যানেল বাতিল হয়েছে। আদালতের অভিযোগ, নিয়োগের সময় নিয়মমাফিক কাট অফ মার্কস জানানো হয়নি। অন্যদিকে, জাতিগত সংরক্ষণও মানা হয়নি। এই পদে প্রথম পর্যায়ে ১০০ জনকে নিয়োগ করা হয়েছিল। ওই ১০০ জন-সহ ৯৯৭ জনের নিয়োগ অনিশ্চিত হয়ে পড়ল।

■ কলকাতা পুলিশে কনস্টেবল পদের বিজ্ঞপ্তি এবছর বেরোবে কি? — তারিকুল ইসলাম, বামনগাছি, উত্তর ২৪ পরগনা।

■■ হ্যাঁ, খুব শিগগিরই বিজ্ঞপ্তি বেরোবে।

## প্রাইমারির

■ সি-টেট পাশ করলে পশ্চিমবঙ্গ সরকারের প্রাইমারি টিচার পদের জন্য আলাদাভাবে 'টেট' সফল হতে হবে কি? না 'সি-টেট' পাশ সার্টিফিকেট দিয়ে প্রাইমারি টিচার পদে যোগ্য? — বৈশালী ভৌমিক, সিস্টার নিবেদিতা রোড, বোলপুর, বীরভূম।

■■ কেন্দ্রীয় সরকারের নিয়মানুযায়ী সি-টেট পাশদের জন্য রাজ্য সরকারের প্রাইমারি টিচার পদের 'টেট' পাশদের সঙ্গে সমতুল যোগ্যতা হিসাবে ধরা হবে। কিন্তু এই নির্দেশ রাজ্য সরকার এখনো জানায়নি। 'টেট' পাশদের ইন্টারভিউয়ের জন্য নতুন বিজ্ঞপ্তি বেরোলে তখন 'সি-টেট' নিয়ে বিস্তারিত তথ্য জানানো হবে।

## স্টাফ সিলেকশনের

■ স্টাফ সিলেকশন কমিশনের এম.টি.এস. পদের লিখিত পরীক্ষার সিলেবাস জানাবেন। — হাকিম সেখ, ফরাক্কা, মুর্শিদাবাদ।

■■ এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এই ৪টি পার্টে : (ক) প্রথম পার্ট-জেনারেল ইংলিশ -২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (খ) দ্বিতীয় পার্ট-জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং -২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (গ) তৃতীয় পার্ট-নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (ঘ) চতুর্থ পার্ট-জেনারেল অ্যাওয়ারনেস - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। প্রতি প্রশ্নের ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হবে। প্রথম পেপারের পরীক্ষায় সাধারণ প্রার্থীরা ৩০%, ও.বি.সি. /ই.ডব্লু.এস. প্রার্থীরা ২৫%, অন্যান্য ক্যাটেগরির প্রার্থীরা ২০% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন। সফল হলে এরপর হবে ডেসক্রিপ্টিভ টাইপের পরীক্ষা (পেন ও পেপার মোডে)। দ্বিতীয় পেপার অর্থাৎ, ডেসক্রিপ্টিভ টাইপের পেপারে ৫০ নম্বরের প্রশ্ন হবে ইংরিজি (২৫ নম্বর) ও বাংলায় (ভার্নাকুলার ল্যাঙ্গোয়েজ) (২৫ নম্বর) বিষয়ে। এই পেপারে থাকবে সংক্ষিপ্ত প্রবন্ধ লেখা বা, চিঠি লেখা। সময় থাকবে ৪৫ মিনিট। প্রথম পর্যায়ের পরীক্ষায় বিস্তারিত সিলেবাস দেওয়া হল :

**English Language:** Basics of English Language, its vocabulary, grammar, sentence structure, synonyms, antonyms and its correct usage, etc. **General Intelligence & Reasoning** : Non-verbal type. similarities & differences, space visualization, problem solving, analysis, judgment, decision making, visual memory, discriminating observation, relationship concepts, figure classification, arithmetical number series, non-verbal series etc. Abstract ideas and symbols & their relationship, arithmetical computation & other analytical functions.

**Numerical Aptitude:** Number Systems, Computation of Whole Numbers, Decimals and Fractions and relationship between Numbers, Fundamental arithmetical operations, Percentages, Ratio & Proportion, Averages, Interest, P & L, Discount, use of Tables and Graphs, Mensuration, Time & Distance, Ratio and Time, Time & Work, etc.

**General Awareness:** environment, knowledge of current events and of such matters of everyday observation and experience in their scientific aspects. neighbouring countries especially pertaining/ Sports, History, Culture, Geography, Economic scene, General Polity including Indian Constitution, and Scientific Research etc.

## পি.এস.সি.'র

■ ফায়ার অপারেটর পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা দরকার? প্রার্থী বাছাই কীভাবে হয়? — সিরাজ আলী লস্কর, সোনারপুর, দক্ষিণ ২৪ পরগনা।

■■ মাধ্যমিক পাশ ছেলেরা আবেদন করতে পারেন। আই.টি.আই. থেকে সিভিল, ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল বা, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের সার্টিফিকেট কোর্স পাশ কিংবা কোনো ক্লাব / ইনস্টিটিউট থেকে সাঁতারের (সুইমিং) সার্টিফিকেট কোর্স পাশ হলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ৫ ফুট ৬ ইঞ্চি। বুকের ছাতি না ফুলিয়ে ৩২ ইঞ্চি আর ফুলিয়ে ৩৪ ইঞ্চি। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা। গ্রেড পে ২,৬০০ টাকা।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা, শারীরিক মাপজোখের পরীক্ষা, এন্ডিওরেন্স টেস্ট ও ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষায় সফল হলে শারীরিক মাপজোখের পরীক্ষা। তারপর এন্ডিওরেন্স টেস্ট। এই টেস্টে নিচের যে কোনো ৪টি ইভেন্টে সফল হতে হবে : (ক) ৫ মিনিটে ১,০০০ মিটার দৌড়, (খ) ২০ সেকেন্ডে মই নিয়ে ওপরে ওঠা, (গ) ৬৩.৫ কেজি ওজনের বালির বস্তা নিয়ে ৫০ মিটার দূরত্ব বহন করা, (ঘ) ১ মিনিটে ৩ তলা বিল্ডিংয়ে সিঁড়ি দিয়ে ওপরে ওঠা, (ঙ) হাতের ওপর ভর দিয়ে ৬০ সেকেন্ডে দঁড়ি বেয়ে ওপরে ওঠা, (চ) ১.২২ মিটার হাই জাম্প। সফল হলে পার্সোন্যালিটি টেস্ট।

■ ডব্লু.বি.সি.এস. পরীক্ষা থেকে প্রতি বছর ৪টি গ্রুপ মিলিয়ে কত শূন্যপদ পূরণ করা হয়? কত লাখ প্রার্থী এই পরীক্ষা দেয়? — বনানী দাস, রামপুরহাট, বীরভূম।

■■ রাজ্য সরকারের একটিই পরীক্ষা (ডব্লু.বি.সি.এস.) আছে যেটি প্রতি বছরই হয়। এই পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোয় সাধারণত অক্টোবর-নভেম্বর মাস নাগাদ। আর প্রিলি. পরীক্ষা হত জানুয়ারি -ফেব্রুয়ারি মাস নাগাদ। কিন্তু করোনা মহামারির জন্য গত বছর থেকে এই পরীক্ষার সূচী বদল হয়েছে। ২০২১ সালের প্রিলি. পরীক্ষার জন্য পরীক্ষার্থীর সংখ্যা ছিল প্রায় আড়াই লাখ। ২০২২ সালে ওই সংখ্যা একটু বাড়বে। ২০১৯ সালের সব গ্রুপের চূড়ান্ত ফল বেরিয়েছে। ২০১৯ সালের ডব্লু.বি.সি.এস. 'এ' ও 'বি' গ্রুপে চূড়ান্ত সফল হয়েছে ২৭১ জন, 'সি' গ্রুপে সফল ৩৮৭ জন আর 'ডি' গ্রুপে সফল ৪৪ জন। ২০২০ সালের মেন পরীক্ষার ফল এখনো বেরোয়নি। ২০২১ সালের মেন পরীক্ষা হবে মে মাসে।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| রাজ্যের ১২১টি সরকারি আই.টি.আই.-এ ট্রেড সার্টিফিকেট কোর্সে ভরতি | এইট পাশ, মাধ্যমিক | - | ৩১-৫-২২ | www.wbscvt.net |
| কলকাতা পুরনিগমে জুনিয়র অ্যাসিস্ট্যান্ট | উচ্চমাধ্যমিক | ২১ | ১৩-৪-২২ | www.mscwb.org |
| এমপ্লয়ীজ স্টেট ইনসিওরেন্স কর্পোরেশনে সোশ্যাল সিকিউরিটি অফিসার | গ্র্যাজুয়েট | ৯৩ | ১২-৪-২২ | www.esic.nic.in |
| কলকাতা পুরনিগমে ডেপুটি ম্যানেজার, ফুড সেফটি অফিসার | ডিগ্রি | ৯ | ১৬-৪-২২ | www.mscwb.org |
| রিজার্ভ ব্যাঙ্কে অফিসার | গ্র্যাজুয়েট | ২৯৭ | ১৮-৪-২২ | www.rbi.org.in |
| এন.বি.সি.সি. লিমিটেডে জুনিয়র ইঞ্জিনিয়ার | ডিপ্লোমা | ৮০ | ১৪-৪-২২ | www.nbccindia.in |
| এন.সি.সি. পাশদের জন্য সেনাবাহিনীতে চাকরি | গ্র্যাজুয়েট ও এন.সি.সি. | ৮০ | ১৩-৪-২২ | www.joinindianarmy.nic.in |
| কলকাতা পুরনিগমে কনজার্ভেটিভ মজদুর | লিখতে ও পড়তে জানা | ১০৪ | ২৪-৪-২২ | www.mscwb.org |
| কলকাতা পুরনিগমে পরিবেশবন্ধু | প্রাক্তন সমর কর্মীদের জন্য | ৩ | ২৪-৪-২২ | www.mscwb.org |
| কলকাতা হাই কোর্টে স্টেনো | উচ্চমাধ্যমিক | ১৭ | ১২-৪-২২ | www.calcuttahighcourt.nic.in |
| পাইলট হওয়ার সরকারি ট্রেনিং | উচ্চমাধ্যমিক | - | ১৮-৫-২২ | https://igrua.gov.in |
| এন.এল.সি. লিমিটেডে এক্সিকিউটিভ | গ্র্যাজুয়েট | ৩০০ | ১১-৪-২২ | www.nlcindia.com |
| পাওয়ার গ্রিডে ডিপ্লোমা ট্রেনি | ডিপ্লোমা | ১৬ | ২০-৪-২২ | www.powergrid.in |
| ব্যাঙ্ক অফ বরোদায় ম্যানেজার | গ্র্যাজুয়েট | ১৫৯ | ১৪-৪-২২ | www.bankofbaroda.in |
| স্টাফ সিলেকশনের মাধ্যমে কেন্দ্রে হাবিলদার | মাধ্যমিক | ৩,৬০৩ | ৩০-৪-২২ | www.ssc.nic.in |
| স্টাফ সিলেকশনের মাধ্যমে কেন্দ্রে মাল্টি টাস্কিং স্টাফ | মাধ্যমিক | - | ৩০-৪-২২ | www.ssc.nic.in |


স্টাডি মেটেরিয়ালের চৈত্র সেল

চাকরির পরীক্ষার স্টাডি মেটেরিয়ালে ৪০% ছাড়

সামনের মে থেকে জুলাই মাসের মধ্যে সরকার ও কেন্দ্রীয় সরকারের এইসব বড়ো পরীক্ষা আসছে

| পরীক্ষা | মাস |
|---|---|
| রেলের NTPC Stage-II | মে/জুন |
| রেলের Group-D Exam | জুলাই |
| WBCS Exam -2022 (Prelim) | মে/জুন |

ওপরের পরীক্ষায় আসবে এমন স্টাডি মেটেরিয়ালের সেট পাওয়া যাবে আমাদের কার্য্যালয় থেকে।

সরকারি পরীক্ষায় সফল প্রার্থীদের তৈরি করা ২০২১ সালের ঘটনাপঞ্জী (ফিরে দেখা ২০২১), যা থেকে ওপরের সবক'টি পরীক্ষার Current Affairs সেকশনে প্রশ্ন আসতে পারে -

আজই সংগ্রহ করুন

পেতে যোগাযোগ করুন —
সাফল্য প্রকাশন
ফোন : 9830624170

সাফল্য
ফিরে দেখা-২০২১

## ভাবা অ্যাটমিকে

১ পাতার পর

পাশরা কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ৮টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ২)। পোস্ট নং : 1.1.

**মেকানিক্যাল** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ৩২টি (জেনাঃ ১৪, ই.ডব্লু.এস. ৫, ও.বি.সি. ৫, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৩)। পোস্ট নং : 1.7.

**ইলেক্ট্রিক্যাল** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ১৩টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২)। পোস্ট নং : 1.4.

**ইলেক্ট্রনিক্স** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ৪টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। পোস্ট নং : 1.5.

**ইন্সট্রুমেন্টেশন** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইন্সট্রুমেন্টেশন, ইন্সট্রুমেন্টেশন টেকনোলজি, ইন্সট্রুমেন্টেশন ও কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ৭টি (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ১. ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। পোস্ট নং : 1.6.

**সিভিল** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ৫টি (জেনাঃ ২, ও.বি.সি. ২, তঃজাঃ ১)। পোস্ট নং : 1.3.

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে। স্টাইপেন্ড প্রথম বছর মাসে ১৬,০০০ টাকা ও দ্বিতীয় বছর মাসে ১৮,০০০ টাকা। ওপরের সব ডিপ্লোমা ট্রেডের বেলায় মাধ্যমিক পাশের পর ৩ বছরের কিংবা উচ্চমাধ্যমিক পাশের পর ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হতে হবে। মোট ৭১টি শূন্যপদের মধ্যে জেনাঃ ২৭, ই.ডব্লু. এস. ৮, ও.বি.সি. ১৮, তঃউঃজাঃ ৭, তঃজাঃ ১০, প্রতিবন্ধী ১)।

**'স্টাইপেন্ডিয়ারি ট্রেনি (ক্যাটেগরি-।।)' পদে নেওয়া হবে এইসব শাখায় :**

**প্লান্ট অপারেটর** : ফিজিক্স; কেমিস্ট্রি ও অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ২৮টি (জেনাঃ ১০, ই.ডব্লু.এস. ৪, ও.বি.সি. ৯, তঃজাঃ ৫)। পোস্ট নং : 2.11.

**এ.সি. মেকানিক** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই থেকে এ.সি. মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১৫টি (জেনাঃ ১০, ও.বি.সি. ৩, তঃজাঃ ২)। পোস্ট নং : 2.1.

**ইলেক্ট্রিশিয়ান** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই থেকে ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ২৫টি (জেনাঃ ১৬, ও.বি.সি. ৩, তঃজাঃ ৬)। পোস্ট নং : 2.2.

**ইলেক্ট্রনিক মেকানিক** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই থেকে ইলেক্ট্রনিক মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১৮টি (জেনাঃ ১৩, ও.বি.সি. ৩, তঃজাঃ ১))। এর মধ্যে প্রতিবন্ধী ১। পোস্ট নং : 2.3.

**ফিটার** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই থেকে ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৬৬টি (জেনাঃ ৪৬, ই.ডব্লু.এস. ৮, ও.বি.সি. ৯, তঃজাঃ ৩)। পোস্ট নং : 2.4.

**ইন্সট্রুমেন্ট মেকানিক** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই থেকে ইন্সট্রুমেন্ট মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১৩টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ২, তঃজাঃ ২)। পোস্ট নং : 2.5.

**মেশিনিস্ট** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই থেকে মেশিনিস্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১১টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ২)। পোস্ট নং : 2.6.

**টার্নার** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই থেকে টার্নার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৪টি (জেনাঃ)। পোস্ট নং : 2.7.

**ওয়েল্ডার** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই থেকে ওয়েল্ডার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৩টি (জেনাঃ)। পোস্ট নং : 2.8.

**ড্রাফটসম্যান (মেকানিক্যাল)** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ কিংবা ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আর আই.টি.আই থেকে ড্রাফটসম্যান (মেকানিক্যাল) ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ)। পোস্ট নং : 2.9.

**ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট** :ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। মোট অন্তত ৬০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা আর আই.টি.আই থেকে ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলেও যোগ্য। শূন্যপদ : ৪টি (ও.বি.সি. ২, তঃজাঃ 2)। পোস্ট নং : 2.10.

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ১৮ থেকে ২২ বছরের মধ্যে। ২ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড প্রথম বছর মাসে ১০,৫০০ টাকা ও দ্বিতীয় বছর মাসে ১২,৫০০ টাকা। ওপরের সব ডিপ্লোমা ট্রেডের বেলায় মাধ্যমিক পাশের পর ৩ বছরের কিংবা উচ্চমাধ্যমিক পাশের পর ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হতে হবে। মোট ১৮৯টি শূন্যপদের মধ্যে জেনাঃ ১১৮, ই.ডব্লু. এস. ১৪, ও.বি.সি. ৩৩, তঃজাঃ ২৩, প্রতিবন্ধী ১)।

ওপরের সব ক্ষেত্রে বয়স গুণতে হবে ৩০-৪-২০২২'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। দুই ক্ষেত্রেই শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬০ সেমি, ওজন অন্তত ৪৫.৫ কেজি। এই পদের বিজ্ঞপ্তি নং : 01/2022 (NRB).

প্রার্থী বাছাই হবে ৩টি পর্যায়ে। প্রথমে প্রিলিমিনারি টেস্ট, অ্যাডভান্সড টেস্ট, স্কিল টেস্ট। প্রিলি. পরীক্ষায় ৫০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : অঙ্ক-২০টি, বিজ্ঞান -২০টি, জেনারেল অ্যাওয়ারনেস -১০টি। সময় থাকবে ১ ঘন্টা। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর। ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। এরপর অ্যাডভান্সড টেস্টে ৫০টি প্রশ্ন হবে। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর। সময় ২ ঘন্টা।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩০ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.nrbapply.formflix.com এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। তখন পরীক্ষা ফী বাবদ স্টাইপেন্ডিয়ারি ট্রেনি ক্যাটেগরি -। পদের বেলায় ১৫০ টাকার আর অন্যান্য পদের বেলায় ১০০ টাকা অনলাইনে দিতে হবে। তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। পরীক্ষা দিতে যাওয়ার সময় বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সার্টিফিকেট নিয়ে যেতে হবে।


এক জানালায়
বীরভূম, মুর্শিদাবাদ, মালদা, পুরুলিয়া, বাঁকুড়ার, দক্ষিণ ২৪ পরগনা, উত্তর কলকাতার জন্য
কর্মসংস্থান সাপ্তাহিক ও Appointment & Career News -এর
সুখবর
বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

**বীরভূম ও মুর্শিদাবাদ**
UNIQUE MEDIA CHANNEL
"Uttaran", Vivekananda Pally, (Near Vivekananda High School), Bolpur-Santiniketan, Birbhum, PIN -731204, W.B.
Mob:9051120373 / 9531785874
" MANJURI" KALIBARI MORE ( EAST SIDE), KANDI, MURSHIDABAD PIN - 742137
Mob : 9531785874 / 9051120373
Email : bkrishnapal@gmail.com

**পুরুলিয়া ও বাঁকুড়া**
Manorama Ad Agency
Manorama Collection, P.N.Ghosh Street, Purulia - 723 101
Mob. : 9434219781/9851559301
Email : manoramaadagency@gmail.com
kunaldutta858@gmail.com

**দক্ষিণ ২৪ পরগনা**
Authenza Media Infotech
N3 Srinagar Main Road, Kolkata - 700 094
M : 8100960001
Email : onlineadbooking1@gmail.com

**উত্তর কলকাতা**
SUPRIYA PUBLICITY
100, Aurobindo Sarani, Room No. E-15 Hatibagan, Kolkata - 700 006
Mob. : 8777258122
9830261403
Email : ashimchowdhury12@gmail.com

সংস্থান প্রকাশনের বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র খোলার জন্য যোগাযোগ করুন এই নম্বরে
9830795430
appointmentnews@gmail.com






→ কেশব চন্দ্র সেন'কে ১৮৬২ সালে কে 'ব্রহ্মানন্দ' উপাধি দিয়েছেন? [WBCS 2020]
→ সর্বপ্রথম বাঙালী লেখক হিসাবে কে জ্ঞানপীঠ পুরস্কার পান? [Rail-NTPC 2019]
→ ভারতে সিভিল সার্ভিস নিযুক্ত হওয়ার জন্য কোন সময় থেকে প্রতিযোগিতামূলক পরীক্ষা বাধ্যতামূলক হয়? [WBCS 2018]

সব ক'টি প্রশ্নই গত বছরে হওয়া ওপরের সরকারি পরীক্ষাতে এসেছে।
আর প্রত্যেকটি প্রশ্নই বেরিয়েছে আমাদের স্টাডি মেটেরিয়ালের সেটে।
প্রতি মাসে ২ বার করে বের হয় আমাদের স্টাডি মেটেরিয়াল — যা তৈরি করেন সম্প্রতি সরকারি চাকরি পাওয়া আধিকারিকেরা। যেখান থেকে অনেক প্রশ্নই সরাসরি বিভিন্ন পরীক্ষাতে এসেছে। বাড়িতে বসে প্রত্যেক মাসে এই স্টাডি মেটেরিয়াল পেতে আজই যোগাযোগ করুন :
9830624170



Post Basic B.Sc. নার্সিং-এ ভর্তি
বিশেষ প্রতিনিধি : INC, KNC এবং Rajiv Gandhi University Of Health Science এর অধীন ব্যাঙ্গালোরের Chinai College of Nursing এ Post Basic B.Sc. নার্সিং কোর্সে 2022-2023 সেশনে ভর্তি নেওয়া হচ্ছে।
**Total seat- 50. Duration- 2 years,** যোগ্যতা- **GNM** পাশ।
কেন পোস্ট বেসিক B.Sc. কোর্স?
(i) যেহেতু P.B.B.Sc. একটি ডিগ্রি কোর্স, তাই এই কোর্স শেষ করে গ্র্যাজুয়েশন লেভেলের যেকোনো পরীক্ষায় বসা যায়।
(ii) দেশ ও বিদেশের বিভিন্ন কলেজে শিক্ষকতা করতে চাইলে P.B.B.Sc. কোর্স অবশ্যই করতে হবে।
(iii) P.B.B.Sc. নার্সিং করার পর নার্সিং এর উপর M.Sc. এবং Ph.D করা যায়।
(iv) স্টাফ নার্স থেকে পদোন্নতির জন্য P.B.B.Sc. নার্সিং করা আবশ্যক।
(v) বিদেশে জব করতে চাইলে P.B.B.Sc. নার্সিং অবশ্যই করতে হবে।
(vi) এছাড়া P.B.B.Sc. নার্সিং করলে Deputy Nursing Superintendent, Director of Nursing, Nursing Service Administrator, Military Nurse, Nursing Supervisor প্রভৃতি পদে খুব সহজেই সরকারি চাকরি পাওয়া যায়।
বিঃদ্রঃ- চাকরি ও কোর্স দুটোই একসাথে করা যাবে এবং এখনও যারা GNM কোর্স করে চাকরি পাওনি তারা P.B.B.Sc. নার্সিং এ ভর্তি হলে 14000 থেকে 20000 মাসিক বেতনে চাকরি দেওয়া হবে।
Post Basics B.Sc. নার্সিং এ সরাসরি ভর্তির জন্য যোগাযোগ : Dr. Hasan (Admission Officer of Chinai College), Ph: 8372997425.
Other Courses : GNM, B.Sc. নার্সিং, M.Sc. নার্সিং-এ ভর্তি চলছে।



কোভিড উত্তর ডিজিটাল যুগে কীভাবে কেরিয়ার গড়বেন
সিপডাভ'এর উদ্যোগে ছাত্র, যুব, শিক্ষক ও অভিভাবকদের ১ দিনের কর্মশালা
২৯ মে, রবিবার, সল্ট লেকের রবীন্দ্র ওকাকুরা ভবন (শীতাতপ নিয়ন্ত্রিত), সিটি সেন্টার-১'এর উলটো দিকে। সকাল ১১টা-সন্ধ্যা ৬ টা
বিষয়
(১) করোনার মানসিক অবসাদ কাটিয়ে কীভাবে স্বাভাবিক হয়ে উঠবেন।
(২) ডিজিটাল যুগে চাকরির অফুরন্ত সুযোগ। ভ্যালু, এথিকস, সোশাল স্কিল, সফট্ স্কিল বাড়িয়ে কীভাবে চাকরির উপযোগী হয়ে উঠবেন।
(৩) সাইবার নিরাপত্তা সম্পর্কে সচেতনতা। সহযোগিতায় বিধাননগর পুলিশ।
• রিসোর্স পার্সন হিসাবে থাকবেন ২ বিখ্যাত মনোবিদ, রাজ্য সরকারের সাইবার বিশেষজ্ঞ, প্রযুক্তিবিদ ও কেরিয়ার বিশেষজ্ঞ।
• পরিচালনা করবেন বিখ্যাত মোটিভেশন লেখক ডঃ পার্থ চট্টোপাধ্যায়।
• ট্রেনিং শেষে সফলদের সার্টিফিকেট দেওয়া হবে।
• ফী সহ নাম দেওয়ার শেষ তারিখ ৩০ এপ্রিল।
• যোগাযোগ : 7439378701
মিডিয়া পার্টনার কর্মসংস্থান



মাধ্যমিক পাশে প্রায় ১২০০০
SSC Multitasking Staff এর বিজ্ঞপ্তি প্রকাশিত। আবেদনের শেষ তারিখ : ৩০ এপ্রিল, পরীক্ষা হবে সম্ভবত জুলাই মাসে। কোর্স ফি : ৫০০০ টাকা, কোর্সের মেয়াদ : ৪ মাস
WBCS প্রিলিম-এর সম্ভাব্য পরীক্ষার তারিখ ১৯ জুন। GSCE-তে প্রস্তুতি চলছে জোর কদমে। এখনই যোগাযোগ করুন।
• WBCS • Staff Selection • BANK • RAIL • School Service • TET • Primary • PSC • Defence • WBP etc.
Helpline : 9830277100 / 200 / 300 Website : www.gsceindia.org

| GSCE কেন্দ্র | |
|---|---|
| শিয়ালদহ (HO) | 9674087465 |
| | 9051040306 |
| কোচবিহার | 9830277023 |
| আলিপুরদুয়ার | 9674033336 |
| দিনহাটা | 9830277698 |
| জলপাইগুড়ি | 9674025600 |
| ধূপগুড়ি | 9830277257 |
| শিলিগুড়ি | 9674087473 |
| কালিম্পং | 9830277171 |
| মালদা | 9674087472 |
| বহরমপুর | 9674087471 |
| কৃষ্ণনগর | 9674087470 |
| রানাঘাট | 9674083508 |
| কল্যাণী | 9674087469 |
| ব্যারাকপুর | 9230056668 |
| ডানলপ | 9230056673 |
| বারাসাত | 9674087467 |
| কোন্নগর | 9230056667 |
| সোনারপুর | 9674087466 |
| পঃ মেদিনীপুর | 9230056671 |
| ঝাড়গ্রাম | 9674087874 |
| বর্ধমান | 9674025700 |
| বোলপুর | 9674012025 |
| ব্যান্ডেল | 9230056669 |
| কাটোয়া | 9830277230 |

101 George Telegraph GSCE The Sure Way to Success
George Telegraph • Since 1920

# সাধারণ জ্ঞান

**এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে** ***চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।***

## সাধারণ বিজ্ঞান

১। পর্যায় সারণীর প্রথম ধাতুকল্পটির পারমাণবিক সংখ্যা কত — ৫ (প্রথম ধাতুকল্প বোরন)।

২। থার্মোমিটারের ঊর্ধ্ব স্থিরাঙ্ক ও নিম্ন স্থিরাঙ্কের মাঝের উষ্ণতার ব্যবধানকে কী বলে — প্রাথমিক অন্তর।

৩। রাবারকে শক্ত করতে রাবারের সঙ্গে কী মিশানো হয় — সালফার।

৪। কৃত্রিম বৃষ্টি তৈরি করতে কী ব্যবহৃত হয় — সিলভার আয়োডাইড।

৫। আকাশের রং নীল হয় কেন — নীল আলোর বিক্ষেপণ সবথেকে বেশি।

৬। *হীরে জ্বলজ্বল করে কেন — অভ্যন্তরীণ পূর্ণ প্রতিফলনের জন্য।*

৭। *লোহায় মরিচা পড়লে লোহার ওজনে কী পরিবর্তন হয় — বেড়ে যায়।*

৮। মানবদেহে কোন ধাতুটি সবথেকে বেশি পরিমাণে রয়েছে — ক্যালশিয়াম।

৯। হিমোগ্লোবিনে কোন ধাতু পাওয়া যায় — লোহা।

১০। 'গামা রশ্মি' কে আবিষ্কার করেন



— পল উলরিচ ভিল্লার্ড।

## ইতিহাস

১১। দিল্লির কোন সুলতান একটি অশোক স্তম্ভ দিল্লিতে নিয়ে এসেছিলেন — ফিরোজ শাহ তুঘলক।

১২। বাংলার 'আদিনা মসজিদ' কে তৈরি করেছিলেন — সিকান্দার শাহ।

১৩। ভারতে আসার সমুদ্রপথ কে আবিষ্কার করেছিলেন — ভাস্কো-দা-গামা।

১৪। কোন মোগল সম্রাটকে ভারতের ইতিহাস তাঁর 'ভ্রান্ত দাক্ষিণাত্য নীতি'র জন্য মনে রেখেছে — ঔরঙ্গজেব।

১৫। 'দ্বিতীয় পানিপথের যুদ্ধ'এ আফগান সেনাবাহিনীকে নেতৃত্ব দিয়েছিলেন কে — হিমু।

১৬। 'তক্ষশিলা' কোন সময়ের একটি প্রসিদ্ধ শহর ছিল — মৌর্য।

১৭। 'খালসা প্রথা' কে প্রবর্তন করেন



— গুরু গোবিন্দ সিং।

১৮। *ভারতে কোন সম্রাটের রাজত্বকাল থেকে বন্যপ্রাণী সংরক্ষণের কথা জানা যায় — সম্রাট অশোক।*

১৯। প্রাচীন ভারতের কোন লিপি ডানদিক থেকে বামদিকে লেখা হত — খরোষ্ঠী।

২০। কোন ঐতিহাসিক সমুদ্রগুপ্তকে 'ভারতের নেপোলিয়ন' আখ্যা দিয়েছেন — ভিনসেন্ট এ.স্মিথ।

## ভূগোল

২১। ভারত প্রধানত কোন দেশে লৌহ আকরিক রফতানি করে — জাপান।

২২। 'ফোয়েন' কোন দেশের স্থানীয় বায়ু — সুইৎজারল্যান্ড।

২৩। কোন আগ্নেয়গিরিকে 'ভূমধ্যসাগরের লাইট হাউজ' বলা হয় — স্ট্রমবলী।

২৪। পৃথিবীর অনুসূর অবস্থা কোন দিনটিতে দেখা যায় — ৩ জানুয়ারি।

২৫। 'সিজিগী' কী — পৃথিবী, সূর্য ও চাঁদের সরলরৈখিক অবস্থান।

২৬। কোন খাল ভূমধ্যসাগর ও লোহিত সাগরকে যুক্ত করেছে — সুয়েজ খাল।

২৭। অক্সিজেনের পরে ভূপৃষ্ঠে সবথেকে বেশি পরিমাণে প্রাপ্ত মৌল কোনটি — সিলিকন।

২৮। কোন পরিবহণ ব্যবস্থাকে 'ভারতের জীবনরেখা' বলা হয় — রেলপথ।

২৯। 'কাবেরী' নদীর ডানতীরের উপনদী কোনটি — অমরাবতী।

৩০। মেরুপ্রভা কোন অঞ্চলে দেখা যায় — কুমেরু অঞ্চল।

## রাষ্ট্রনীতি

৩১। ভারতের বিদেশনীতি কে ঠিক করে — মন্ত্রিপরিষদ।

৩২। 'সুপ্রিম কোর্ট'এর বিচারককে ইমপিচমেন্টের জন্য কোন ধরনের সংখ্যাগরিষ্ঠতা লাগে — বিশেষ সংখ্যাগরিষ্ঠতা।

৩৩। ভারতীয় সংবিধানের কোন তফশিল ভারতের ভাষার সঙ্গে সম্পর্কিত — অষ্টম তফশিল।

৩৪। ভারতের কোন রাজ্যে প্রথম পঞ্চায়েতিরাজ ব্যবস্থা শুরু হয় — রাজস্থান (১৯৫৯ সালে নাগৌড় জেলায় এই ব্যবস্থা প্রথম প্রয়োগ করা হয়)।

৩৫। ভারতের সংবিধানের নির্দেশাত্মক নীতিগুলির মূল উদ্দেশ্য কী — কল্যাণকর রাজ্য প্রতিষ্ঠা করা।

৩৬। লোকসভার সেক্রেটারি জেনারেল কে নিযুক্ত করেন — লোকসভার অধ্যক্ষ।

৩৭। স্বাধীন ভারতের প্রথম প্রতিরক্ষামন্ত্রী কে ছিলেন — সর্দার বলদেব সিং।

৩৮। ভারতের প্রতিরক্ষা সংক্রান্ত বিষয় সংবিধানের কোন তালিকার অন্তর্ভুক্ত — কেন্দ্রীয় তালিকা।

## অর্থনীতি

৩৯। ২০২২ সালে 'সেন্ট্রাল ব্যাঙ্কিং পুরস্কার'এ কে 'বর্ষসেরা গভর্নর পুরস্কার' পেলেন — চিলির কেন্দ্রীয় ব্যাঙ্কের গভর্নর মারিও মার্সেল।

৪০। ৩ বছরের জন্য, 'মারুতি সুজুকি ইন্ডিয়া লিমিটেড'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — জাপানের হিসাশি তাকেউচি।

৪১। ২০২১-'২২ সালে দিল্লির অর্থনৈতিক সমীক্ষায় মাথাপিছু আয়ের দিক থেকে সারা দেশের রাজ্যগুলির মধ্যে রাজধানী দিল্লির স্থান কত — তৃতীয় (সিকিম ও গোয়ার পর। সমীক্ষা অনুসারে বর্তমান মূল্যে দিল্লির জিডিপি গত ৬ বছরে প্রায় ৫০% বেড়েছে)।

৪২। কোন ব্যাঙ্ক সম্প্রতি 'গ্রিন ডিপোজিটস প্রোগ্রাম' চালু করল — ডিবিএস ব্যাঙ্ক ইন্ডিয়া।

৪৩। 'আইসিআইসিআই ব্যাঙ্ক' সম্প্রতি কোন ক্রিকেট দলের সঙ্গে কো-ব্র্যান্ডেড ক্রেডিট কার্ড চালু করল — চেন্নাই সুপার কিংস।

## সাম্প্রতিক ঘটনা

৪৪। 'রাষ্ট্রসঙ্ঘ'এর উপদেষ্টা বোর্ডের সদস্য হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — ভারতীয় উন্নয়ন অর্থনীতিবিদ জয়তী ঘোষ।

৪৫। কোন সংস্থা সম্প্রতি ড্রোন-ভিত্তিক খনিজ অনুসন্ধানের জন্য, আই.আই.টি খড়গপুরের সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করল — ন্যাশনাল মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড।

৪৬। সম্প্রতি ভারতের প্রথম র‍্যাপিড রেলের কোচ উন্মোচন করল 'ন্যাশনাল ক্যাপিটাল রিজিওনাল ট্রান্সপোর্ট কর্পোরেশন'। কোন করিডরের জন্য এটি চালু করা হয়েছে — দিল্লি থেকে মিরাট করিডর।

৪৭। ২০২২ সালে ইউএন ওয়ার্ল্ড হ্যাপিনেস রিপোর্টে, ১৪৬টি দেশের মধ্যে ভারতের স্থান কত — ১৩৬।

৪৮। মার্কিন যুক্তরাষ্ট্রের কোভিড-১৯ রেসপন্স কোঅর্ডিনেটর হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — ভারতীয় বংশোদ্ভূত ড.আশিস ঝা।

৪৯। 'আন্তর্জাতিক শ্রম সংস্থা'র পরবর্তী ডিরেক্টর জেনারেল হিসাবে সম্প্রতি কে



মনোনীত হলেন — গিলবার্ট ফসুন হাউংবো।

৫০। কোথায় সম্প্রতি 'মহাত্মা গান্ধী গ্রিন ট্র্যাঙ্গেল'এর উদ্বোধন করা হয়েছে — মাদাগাস্কারের রাজধানী শহর আন্তানানারিভো।

৫১। কোন সংস্থা সম্প্রতি ভারতের বৃহত্তম কয়লা উৎপাদনকারী সংস্থায় পরিণত হল — 'কোল ইন্ডিয়া'র সহযোগী সংস্থা 'মহানদী কোলফিল্ডস লিমিটেড' (২০২১-'২২ আর্থিক বছরে '১৫৭ মিলিয়ন টন কয়লা উৎপাদন করেছে এই সংস্থা)।

৫২। ভারতের প্রথম রাজ্য হিসাবে 'শস্য বৈচিত্র্য সূচক' বাস্তবায়ন করল কোন রাজ্য — তেলেঙ্গানা।

৫৩। তুর্কমেন-ই-স্তানের প্রেসিডেন্ট হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — সেরদার বারদিমুহামেদো।

৫৪। ২০২২ সালে কে ৩১ তম 'ভিজি বিড়লা অ্যাওয়ার্ড ফর সায়েন্টিফিক রিসার্চ'এর জন্য মনোনীত হলেন — অধ্যাপক নারায়ণ প্রধান (মেটেরিয়াল সায়েন্সের ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য এই পুরস্কার পাচ্ছেন তিনি)।

৫৫। 'বিশ্ব থিয়েটার দিবস' কবে পালিত হয় — ২৭ মার্চ।

৫৬। রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ইনোভেশন হাব'এর প্রথম চেয়ারম্যান হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — কৃশ গোপালাকৃষ্ণণ।

৫৭। কোন দেশ সম্প্রতি সফলভাবে 'Hwasong–17' নামে ব্যালিস্টিক মিসাইল টেস্ট ফায়ার করল — উত্তর কোরিয়া।

৫৮। 'বোর্ড অফ ব্রডকাস্ট অডিয়েন্স রিসার্চ কাউন্সিল' ইন্ডিয়ার চেয়ারম্যান হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — শশী সিনহা।

৫৯। ভারতের কোন শহরের পুলিশ সম্প্রতি 'সানডে স্ট্রিট' উদ্যোগ চালু করল — মুম্বই পুলিশ।

৬০। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি এবার থেকে প্রতি বছর ১৬ মার্চ দিনটিকে 'জগদগুরু শ্রী রেণুকাচার্য জয়ন্তী' উদযাপন করার সিদ্ধান্ত নিয়েছে — কর্ণাটক।

৬১। কেন্দ্রীয় পরিবেশ মন্ত্রক কোন দিনটিকে 'জাতীয় ডলফিন দিবস' হিসাবে মনোনীত করেছে — ৫ অক্টোবর।

৬২। ২০২১ সালে 'নীতি আয়োগ'এর 'এক্সপোর্ট প্রিপেয়ার্ডনেস ইনডেক্স' ভারতের কোন রাজ্য শীর্ষস্থানে রয়েছে — গুজরাত।

৬৩। আফ্রিকান কালো গণ্ডারকে বাঁচাতে কোন সংস্থা সম্প্রতি প্রথমবার 'ওয়াইল্ডলাইফ কনজার্ভেশন বন্ড' ইস্যু করল — বিশ্বব্যাঙ্ক।

৬৪। সম্প্রতি প্রয়াত স্টিফেন আর্ল উইলহাইট (৭৪ বছর) কোন ফটো ফাইল ফরম্যাটের উদ্ভাবক — জিফ (গ্রাফিক্স ইন্টারচেঞ্জ ফরম্যাট)।

৬৫। জমির মালিকানা ট্র্যাক করতে, ভারতে প্রথম গ্রামের ডায়নামিক ম্যাপ চালু করতে চলেছে কোন রাজ্য — বিহার।

৬৬। ভারতের কোন রাজ্যের পর্যটন মন্ত্রক সম্প্রতি 'মায়া' নামে হোয়াটসঅ্যাপ চ্যাটবোট চালু করল — কেরালা।

৬৭। ভারতের কোন জাতীয় উদ্যান হরিণ ধরার জন্য দক্ষিণ আফ্রিকান বোমা কৌশল গ্রহণ করেছে — কেওলাদেও জাতীয় উদ্যান (এই পদ্ধতির মাধ্যমে হরিণগুলিকে ধরে 'মুকুন্দরা হিলস টাইগার রিজার্ভ'এ পাঠানো হবে)।

৬৮। সম্প্রতি প্রয়াত থালেকুন্নিল বাশির (৭৭ বছর) কোন ক্ষেত্রের সঙ্গে যুক্ত ছিলেন — রাজনীতি।

৬৯। রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ সম্প্রতি কোন ভারতীয় নৌজাহাজকে মর্যাদাপূর্ণ 'প্রেসিডেন্টস কালার' প্রদান করেছেন — আইএনএস ভালসুরা।

৭০। ২০২২ সালে 'অসম রাইফেলস' তাদের কত তম প্রতিষ্ঠা দিবস পালন করেছে — ১৮৭ তম (প্রতি বছর ২৪ মার্চ এই দিনটি পালিত হয়)।

৭১। কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রকের উপদেষ্টা হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — প্রাক্তন লেফটেন্যান্ট জেনারেল বিনোদ জি.খাণ্ডারে।

৭২। কে সম্প্রতি 'দুন অ্যান্ড ব্র্যাডস্ট্রিট'এর আন্তর্জাতিক কৌশলগত উপদেষ্টা বোর্ডে যোগ দিয়েছেন — 'ভারতীয় স্টেট ব্যাঙ্ক'এর প্রাক্তন চেয়ারম্যান রজনীশ কুমার।

৭৩। উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী এখন কে



— পুষ্কর সিং ধামি।

৭৪। মহারাষ্ট্র বিধানসভা সম্প্রতি নাগরিক সংস্থা, কর্পোরেশন ও স্থানীয় কর্তৃপক্ষের অধীনে কর্মরত কর্মকর্তাদের জন্য কোন ভাষা বাধ্যতামূলক করার বিল পাস করেছে — মারাঠি।

৭৫। কোথায় সম্প্রতি শহীদদের উৎসর্গ করে বিপ্লবী ভারত গ্যালারির উদ্বোধন করা হয়েছে — কলকাতার 'ভিক্টোরিয়া মেমোরিয়াল হল'এ।

৭৬। কোন দেশ সম্প্রতি বিশ্বের উষ্ণতম স্থানের তকমা পেল — কুয়েত (কুয়েতের উষ্ণতা সম্প্রতি ৫৩.২ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছে গিয়েছিল)।

৭৭। ২৬ মার্চ, হলদিবাড়ি দিয়ে ভারত-বাংলাদেশের মধ্যে যাত্রীবাহী ট্রেন চলাচল শুরু হল। ট্রেনটির নাম কী — মিতালী এক্সপ্রেস।

## খেলাধূলা

৭৮। 'ব্যাডমিন্টন অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়া'র প্রেসিডেন্ট এখন কে — হিমন্ত বিশ্ব শর্মা।

৭৯। ২০২২ সালে 'সাফ অনূর্ধ্ব-১৮ উওমেনস চ্যাম্পিয়নশিপ'এ কোন দল চ্যাম্পিয়ন হল — ভারত (বাংলাদেশকে ০-১ ব্যবধানে হারিয়ে)।

৮০। ২০২২ সালে কাতারে অনুষ্ঠিত 'ফিফা বিশ্বকাপ'এর অফিসিয়াল স্পন্সর কোন ভারতীয় কোম্পানি — বাইজুস।

৮১। ২০২২ সালে 'ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ'এ 'চেন্নাই সুপার কিংস'এর অধিনায়ক কে — রবীন্দ্র জাদেজা।

৮২। ২০২২ সালে ১৩ তম 'বিশ্ব প্যারা অ্যাথলেটিক্স গ্রাঁ প্রি' কোথায় শুরু হয়েছে — সংযুক্ত আরব আমিরশাহী দুবাই শহরে।

৮৩। ২০২২ সালে 'মলদ্বীপ ক্রীড়া পুরস্কার'এ, কে মর্যাদাপূর্ণ 'স্পোর্টস



আইকন' পুরস্কার পেলেন — প্রাক্তন ভারতীয় ক্রিকেটার সুরেশ রায়না।

৮৪। কে সম্প্রতি প্রথম প্যারা-অ্যাথলিট হিসাবে, দেশের তৃতীয় সর্বোচ্চ বেসামরিক পুরস্কার 'পদ্ম ভূষণ' পেলেন — জ্যাভলিন থ্রোয়ার দেবেন্দ্র ঝাঝারিয়া।

৮৫। ২০২২ সালে কে ফর্মুলা ওয়ান 'বাহরিন গ্র্যা প্রি' জিতলেন — চার্লস লেক্লার্ক (ফেরারি-মোনাকো)।

৮৬। ২০২২ সালে 'বিএনপি প্যারিবাস ওপন'এ মহিলাদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — পোল্যান্ডের ইগা সুইয়াটেক।

৮৭। ২০২২ সালে 'বিএনপি প্যারিবাস ওপন'এ পুরুষদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — মার্কিন যুক্তরাষ্ট্রের টেলর ফ্রিটজ।

৮৮। ২০২২ সালে 'স্পোর্টস্টার এসেস পুরস্কার'এ কে 'বর্ষসেরা পুরুষ স্পোর্টস্টার'এর সম্মান পেলেন — 'টোকিও অলিম্পিক'এ সোনার পদকজয়ী ভারতীয় জ্যাভলিন থ্রোয়ার নীরজ চোপড়া।

৮৯। ২০২২ সালে কে কাতারের দোহাতে অনুষ্ঠিত ১৯তম 'এশিয়ান ১০০ ইউপি বিলিয়ার্ডস চ্যাম্পিয়নশিপ' জিতলেন — ভারতীয় বিলিয়ার্ডস খেলোয়াড় পঙ্কজ আদবানি (ধ্রুব সিতওয়ালাকে হারিয়ে)।

**সঙ্কলক : পলি দেওয়ান**

**চাকরির পরীক্ষার গাইড**

# অ্যারিথমেটিক

1. How many natural numbers between 23 and 137 are divisible by 7 ?
(a) 12 (b) 17 (c) 16 (d) 13

2. In a division sum, the divisor is 12 times the quotient and 6 times the remainder. If the remainder is 24, what is the dividend ?
(a) 1738 (b) 1752 (c) 1846 (d) 1648

3. If the sum of first N integers is 55, then what is N ?
(a) 5 (b) 7 (c) 8 (d) 10

4. How many 4 digit numbers are completely divisible by 7 ?
(a) 1354 (b) 1286 (c) 1178 (d) 1224

5. Which of the following is not a prime number ?
(a) 73 (b) 53 (c) 113 (d) 133

6. P and Q walk around a circular track. They start at 9.00 a.m. from the same point in the opposite directions. P and Q walk at a speed of 3 rounds per hour and 5 rounds per hour respectively. How many times shall they cross each other before 11.31 a.m. ?
(a) 20 (b) 22 (c) 25 (d) 15

7. An illiterate retailer marks all his goods at 50% above the cost price and thinking that he will make 25% profit, offers a discount of 25% on the marked price. What is his actual profit ?
(a) 0.125% (b) 12.5%
(c) 25% (d) 37.5%

8. At what percent above cost price must an article be marked so as to gain 20% after allowing a customer a discount of 10% ?
(a) 31% (b) 33.33%
(c) 55.2% (d) 66.66%

9. 35% of ? + 90% of 30 = 20% of 170.
(a) 120 (b) 60 (c) 20 (d) 90

10. If 20% of 30 is greater than 25% of a number by 2, the number is :
(a) 16 (b) 24 (c) 20 (d) 32

11. Some labourers can do a piece of work in 8 days. Four times the number of such labourers will do half of that work in :
(a) 1 day (b) 2 days
(c) 3 days (d) 4 days

12. Twelve pipes of equal capacity can fill a tank in four days. If the tank has to be filled in three days, the number of extra pipes needed is :
(a) 4 (b) 7 (c) 16 (d) 28

13. Madhu's age is 150% of what it was 10 years ago. What is his present age ?
(a) 40 years (b) 50 years
(c) 30 years (d) 60 years

14. Robin's age after 15 years will be 5 times his age 5 years back. What is his present age ?
(a) 5 years (b) 10 years
(c) 12 years (d) 15 years

15. Two pipes A and B can fill a tank in 36 minutes and 45 minutes respectively. A drainage pipe C can empty the tank in 30 minutes. First A and B are opened. After 7 minutes, C is opened. In how much time, the tank will be full ?
(a) 12 minutes (b) 36 minutes
(c) 46 minutes (d) 52 minutes

16. $1004\times1004 + 996\times996$ = ?
(a) 1000016 (b) 2000016
(c) 2000032 (d) 1000032

17. $3621\times137 + 3621\times63$ = ?
(a) 656200 (b) 774200
(c) 724200 (d) 812200

18. $120\times5^4$ = ?
(a) 65000 (b) 78000
(c) 75000 (d) 68000

19. If 13☆4 is divisible by 6, then ☆ = ?
(a) 3 (b) 2 (c) 1 (d) 5

20. The sum of first 75 natural numbers is :
(a) 1235 (b) 1250 (c) 2850 (d) 2250

21. $\sqrt{0.9}$ is equal to :
(a) 0.948 (b) 0.3
(c) 0.03 (d) –0.947

22. $\dfrac{\sqrt{98}-\sqrt{72}+\sqrt{50}}{\sqrt{18}}$ is equal to :
(a) 6 (b) $\dfrac{\sqrt{38}}{3}$ (c) $-\dfrac{4}{3}$ (d) 2

23. $\sqrt[3]{(64)^{-4}.(125)^{-2}}$ equals :
(a) 6400 (b) $\dfrac{1}{6400}$ (c) $\dfrac{1}{3200}$
(d) 3200

24. The value of $\dfrac{13\times13-13\times7+13\times7-7\times7}{13\times7}$ is :
(a) $1\dfrac{42}{91}$ (b) $\dfrac{2}{7}$ (c) $85\dfrac{70}{90}$ (d) $1\dfrac{29}{91}$

25. The value of $225\times0.12-0.04\times225$ is :
(a) 1.80 (b) 27 (c) 9 (d) 18

26. In ΔABC, AB = BC = K, AC = $\sqrt{2}$ K, then ΔABC is a
(A) Isosceles triangle (B) Right-angled triangle (C) Equilateral triangle (D) Right isosceles triangle

27. The surface area of a sphere is 616 $cm^2$. The volume of the sphere would be :
(A) $1,437\frac{1}{3}$ $cm^3$ (B) 2,100 $cm^3$ (C) 2,500 $cm^3$ (D) 1,225 $cm^2$

28. A house was sold for Rs.y by giving a discount of x%, then the list price was –
(A) $\dfrac{100y}{100-x}$ (B) $\dfrac{100y}{1-\frac{x}{100}}$
(C) $\dfrac{100x}{100-y}$ (D) $\dfrac{100y}{1-x}$

29. $\dfrac{\cos\theta}{1+\sin\theta}$ = ?
(A) $\dfrac{\cos\theta}{1-\sin\theta}$ (B) $\dfrac{\cos\theta}{2+\sin\theta}$
(C) $\dfrac{1-\sin\theta}{\cos\theta}$ (D) $\dfrac{1+\sin\theta}{\cos\theta}$

30. A telegraph post gets broken at a point against a storm and its top touches the ground at a distance of 20m from the base of the post making an angle of 30° with the ground. What is the height of the post ?
(A) $\dfrac{40}{\sqrt{3}}$ m (B) $20\sqrt{3}$ m
(C) $40\sqrt{3}$ m (D) (30m

**Direction (Qs. 31-35) :** *What will be the value in place of question marks (?) in the following questions ?*

31. $\sqrt{1024}\times\sqrt{?}$ = 768.
(A) 28 (B) 576 (C) 676 (D) 24

32. $\dfrac{97+74-21}{(1430\div11)-5}$ = ?
(A) $\dfrac{4}{3}$ (B) $\dfrac{3}{2}$ (C) $\dfrac{6}{5}$ (D) $\dfrac{5}{4}$

## সেকেন্ডে উত্তরের কৌশল

**1(c).** 23 ও 137কে 7 দিয়ে ভাগ করলে ভাগফল হয়, যথাক্রমে 3 ও 19. তাহলে নির্ণেয় সংখ্যা 19–3 = 16. **2(b).** Divisor = 24×6 = 144. Then, Quotient = $\frac{144}{12}$ = 12 and Divident (12×144) +24 = 1,752. **3(d).** $\frac{N(N+1)}{2}$ = 55. তাহলে, N = 10. **4(b).** চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা 1,000 ও বৃহত্তম সংখ্যা 9999-কে 7 দিয়ে ভাগ করলে ভাগফল হয় 142 ও 1428. তাহলে নির্ণেয় সংখ্যা 1428–142 = 1286. **5(d). 6(a).** যেহেতু তারা বিপরীত দিকে গতিশীল, তাই 1 ঘন্টায় দেখা হয় 5+3 = 8 বার। তাহলে, 2 ঘন্টায় দেখা হয় 16 বার। আরও 30 মিনিটে 4 বার, তাহলে মোট 16+4 = 20 বার। **7(b).** শর্টকাট ফর্মূলা : $50-25-\frac{50\times25}{100}$ = 12.5%. **8(b).** শর্টকাট ফর্মূলা: মনে করি, তিনি x% দাম বাড়ালেন। তাহলে, $x-10-\frac{x\times10}{100}$ = 20. তাহলে, x = $33\frac{1}{3}$% = 33.33%. **9(c). 10(a). 11(a).** 4 গুণ শ্রমিক 8 দিনের কাজ করবে $\frac{8}{4}$ = 2 দিনে। তাহলে, অর্ধেক কাজ হবে $\frac{2}{2}$ = 1 দিনে। **12(a).** 1 দিনে $\frac{1}{4}$ অংশ ভর্তি করে 12টি পাইপ। তাহলে, 1 দিনে 1 অংশ ভর্তি করে 12×4টি পাইপ। তাহলে, 1 দিনে $\frac{1}{3}$ অংশ ভর্তি করে $\frac{12\times4}{3}$ = 16টি। তাহলে, অতিরিক্ত পাইপ লাগবে (16–12) = 4টি। **13(c).** Madhu-র বর্তমান বয়স x বছর। তাহলে, 10 বছর আগের বয়স = x–10. শর্তানুসারে, x = 150% of (x–10) তাহলে, x = 30. **14(b).** Robin-র 5 বছর আগের বয়স x বছর। তাহলে, 15 বছর পরে বয়স x+20 বছর। শর্তানুসারে, x+20 = 5x তাহলে, x = 5. তাহলে বর্তমান বয়স x+5 = 5+5 = 10 বছর। **15(c).** A+B, 7 মিনিটে ভর্তি করে $7\times\left(\frac{1}{36}+\frac{1}{45}\right)=\frac{7}{20}$. তাহলে, বাকি অংশ $\left(1-\frac{7}{20}\right)=\frac{13}{20}$. A+B+C একসঙ্গে ভর্তি করে $\left(\frac{1}{36}+\frac{1}{45}-\frac{1}{30}\right)=\frac{1}{60}$. তাহলে বাকি অংশ ভর্তি হবে $\frac{13}{20}\times60$ = 39 মিনিটে। তাহলে, মোট সময় 7+39 = 46 মিনিট। **16(c). 17(c). 18(c). 19(c). 20(c). 21(a). 22(d). 23(b). 24(d). 25(d). 26(B).** AB = BC = K, AC = $\sqrt{2}$K, $AB^2+BC^2+K^2+K^2=2K^2+AC^2$. অর্থাৎ, ΔABC একটি সমকোণী ত্রিভুজ। **27(A).** গোলকের ক্ষেত্রফল $=4\pi r^2 \Rightarrow 4\pi r^2=616 \Rightarrow 4\times\frac{22}{7}\times r^2=616 \Rightarrow r^2=\frac{616\times7}{4\times22}=49. \Rightarrow r=\sqrt{49}$ = 7 সেমি। গোলকের আয়তন $=\frac{4}{3}\pi r^3=\frac{4}{3}\times\frac{22}{7}\times7\times7\times7=\frac{4312}{3}=1437\frac{1}{3}$ ঘন সেমি। **28(A).** মনে করি, ঘরটির চিহ্নিত মূল্য = z টাকা। প্রশ্নানুসারে, $z\times(100-x)\% = y \Rightarrow z\times\frac{100-x}{100}=y \Rightarrow z=\frac{100y}{100-x}$ টাকা। **29(C).** $\frac{\cos\theta}{1+\sin\theta}=\frac{\cos\theta}{1+\sin\theta}\times\frac{1-\sin\theta}{1-\sin\theta}=\frac{\cos\theta(1-\sin\theta)}{(1-\sin^2\theta)}=\frac{\cos\theta(1-\sin\theta)}{\cos^2\theta}=\frac{1-\sin\theta}{\cos\theta}$.
**30(B).**




মনে করি, পোস্টের উচ্চতা = h মিটার। ΔABC-তে $\tan30^\circ=\frac{x}{20}$. $x=\frac{20}{\sqrt{3}}$, $\cos30^\circ=\frac{20}{h-x}$. তাহলে, $\frac{\sqrt{3}}{2}=\frac{20}{h-x}\Rightarrow h-x=\frac{40}{\sqrt{3}}$. তাহলে, $h=\frac{40}{\sqrt{3}}+x=\frac{40}{\sqrt{3}}+\frac{20}{\sqrt{3}}=\frac{60}{\sqrt{3}}=20\sqrt{3}$ মিটার। **31(B).** $32\times\sqrt{?}=768\Rightarrow\sqrt{?}=\frac{768}{32}\Rightarrow\sqrt{?}=24\Rightarrow ?=576$. **32(C).** $\frac{150}{125}=?, ?=\frac{6}{5}$.

## সরকার স্বীকৃত স্যানিটারি ইন্সপেক্টর ও ডিএমএলটি কোর্সে ভরতি

**নিজস্ব প্রতিনিধি :** কেন্দ্রীয় সরকার স্বীকৃত স্যানিটারি ইন্সপেক্টরে অ্যাডভান্স ডিপ্লোমা কোর্স ও মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজির ডিপ্লোমা কোর্সে ভরতি নিচ্ছে কলকাতার ইন্ডিয়ান ইনস্টিটিউট ফর হেলথ ট্রেনিং। যেকোনো শাখার উচ্চ মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে বেসিক ট্রেনিং থাকলে স্যানিটারি ইন্সপেক্টরে অ্যাডভান্স ডিপ্লোমা কোর্সে ভরতির জন্য আবেদন করতে পারেন। ১ বছরের কোর্স। অন্যদিকে বিজ্ঞান শাখার উচ্চ মাধ্যমিক বা সমতুল কোর্স পাশ ছেলেমেয়েরা মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজির ডিপ্লোমা কোর্সে ভরতির জন্য আবেদন করতে পারেন। ২ বছরের কোর্স। আইআইএইচটি'র প্রিন্সিপ্যাল রামনারায়ণ মণ্ডল জানান, স্যানিটারি ইন্সপেক্টরে ডিপ্লোমা কোর্স পাশ করার পর রেল, পুরসভা, পুরনিগম, সেনাবাহিনী, পোর্ট, ডিভিসি সহ সরকারি স্বাস্থ্য দফতরে চাকরি পাওয়া যায়। অন্যদিকে ডিএমএলটি কোর্স পাশ করার পর সরকারি-বেসরকারি হাসপাতাল ও প্যাথলজিক্যাল ল্যাবে চাকরির সুযোগ আছে। ২টি কোর্সেই থিওরির পাশাপাশি প্র্যাক্টিক্যাল ক্লাস করানো হয়। এছাড়াও এখানে স্বল্প মেয়াদের নানা ধরনের শর্ট কোর্সে ভর্তি নেওয়া হচ্ছে। ভরতির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় — আইআইএইচটি, ২২৬ বি. বি. গাঙ্গুলী স্ট্রীট, বউবাজার, কলকাতা-৭০০০১২। ফোন : ৭০০৩২২৪৪২৭, ৯০৫১২৬০৯২৪, ৯৮৩৬৩৯৬৭৩৪। ওয়েবসাইট : www.iiht.in

## পাহাড়পুর কুলিংয়ে টেকনিক্যাল কর্মী

পাহাড়পুর কুলিং টাওয়ার্স লিমিটেড বিভিন্ন প্রোজেক্টে কাজের জন্য ফিটার, ওয়েল্ডার, মিলরাইট ফিটার, ইলেক্ট্রিশিয়ান ও রিগার ট্রেডে কিছু লোক নিচ্ছে। আই.টি.আই. পাশরা অভিজ্ঞতা থাকলে যোগ্য। প্রোজেক্ট সাইটে কোম্পানির তরফে থাকার জায়গা দেওয়া হবে। সঙ্গে পি.এফ., বোনাস, ই.এস.আই. পাবেন। বিস্তারিত তথ্য জানতে যোগাযোগ করুন : পাহাড়পুর কুলিং টাওয়ার্স লিমিটেড, পাহাড়পুর হাউস, ৮/১/বি, ডায়মন্ডহারবার রোড, কলকাতা - ২৭। *ফোন : 033-40133-127 / 115. ই-মেল : hrd@paharpur.com*

## ব্রড কাস্টে ২৬ চাকরি

ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কনসালট্যান্টস ইন্ডিয়া লিমিটেড মেডিক্যাল ল্যাব টেকনোলজিস্ট, ফিজিওথেরাপিস্ট, ল্যাব টেকনিশিয়ান, জুনিয়র টেকনিশিয়ান, পঞ্চকর্মা বৈদ্য, জুনিয়র প্রোগ্রাম ম্যানেজার, গ্যাস ম্যানিফোল্ড টেকনিশিয়ান, ফার্মাসিস্ট ইত্যাদি পদে ২৬ জন লোক নিচ্ছে। দরখাস্ত করবেন অনলাইনে, ১৭ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.becil.com

## ভারত ইলেক্ট্রনিক্সে ৬৩ চাকরি

ভারত ইলেক্ট্রনিক্স লিমিটেড ট্রেনি ইঞ্জিনিয়ার-।, প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-। পদে ৬৩ জন লোক নিচ্ছে। দরখাস্ত করবেন অনলাইনে, ৬ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : https://jobapply.in/bel2022MARCHGZB

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

২২ মার্চ : রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ইনোভেশন হাব'এর প্রথম চেয়ারম্যান হিসাবে মনোনীত হলেন কৃশ গোপালাকৃষ্ণাণ।

❑ 'ব্যাডমিন্টন অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়া'র প্রেসিডেন্ট হিসাবে পুনর্নির্বাচিত হলেন হিমন্ত বিশ্ব শর্মা।

❑ 'আন্তর্জাতিক শ্রম সংস্থা'র পরবর্তী ডিরেক্টর জেনারেল হিসাবে মনোনীত হলেন গিলবার্ট ফসুন হাউংবো।

❑ জমির মালিকানা ট্র্যাক করতে, ভারতে প্রথম গ্রামের ডায়নামিক ম্যাপ চালু করতে চলেছে বিহার সরকার। জমি সংক্রান্ত আইনি বিরোধ কমানোর লক্ষ্যে এই পদক্ষেপ নেওয়া হয়েছে। বিহার সরকারের মতে, ২০২১ সালের ফেব্রুয়ারি থেকে এ'বছরের ফেব্রুয়ারি পর্যন্ত, মাত্র ১ বছরে রাজ্যে জমি বিবাদের প্রায় ৩৭,০০০ কেস দেখা গেছে। এই দীর্ঘকালীন জমি সংস্কারের সমস্যা সমাধানের জন্য এই উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার।

❑ স্কটল্যান্ডের 'রয়্যাল সোসাইটি অফ এডিনবার্গ'এর ফেলো হিসাবে মনোনীত হলেন 'বায়োকন' ও 'বায়োকন বায়োলজিক্স লিমিটেড'এর এক্সিকিউটিভ চেয়ারপার্সন কিরণ মজুমদার শ। 'রয়্যাল সোসাইটি অফ এডিনবার্গ' হল বিশ্বের প্রাচীনতম ও সবথেকে সম্মানিত আকাদেমিক সোসাইটিগুলির মধ্যে একটি। বিজ্ঞান, কলা, শিক্ষা, ব্যবসা ও জনজীবনের বিভিন্ন ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে ফেলোরা 'রয়্যাল সোসাইটি অফ এডিনবার্গ'এ যোগদানের জন্য নির্বাচিত হন।



২০২২ সালে 'স্টকহোম ওয়াটার পুরস্কার'এর জন্য মনোনীত হলেন অধ্যাপক এমেরিটাস উইলফ্রেড ব্রুটসার্ট। পরিবেশগত বাষ্পীভবন পরিমাপ করার ক্ষেত্রে যুগান্তকারী অবদানের জন্য এই পুরস্কার পাচ্ছেন তিনি। মার্কিন যুক্তরাষ্ট্রের 'কর্নেল বিশ্ববিদ্যালয়'এর ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, এই পুরস্কার হল বিশ্বের সবথেকে মর্যাদাপূর্ণ জল পুরস্কার, যা 'জলের নোবেল পুরস্কার' হিসাবেও বিবেচিত।

❑ 'ভয়েস অ্যান্ড ডেটা' আয়োজিত একাদশ টেলিকম লিডারশিপ ফোরামে 'ভয়েস অ্যান্ড ডেটা এক্সেলেন্স পুরস্কার' পেল কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রকের টেলিযোগাযোগ দফতরের গবেষণা ও উন্নয়ন সংস্থা 'সেন্টার ফর ডেভেলপমেন্ট অ্যান্ড টেলিম্যাটিক্স' (সি-ডট)। 'সি-ডট কমন সার্ভিস প্ল্যাটফর্ম' উদ্ভাবন করার জন্য এই পুরস্কার পেল তারা। এবারের ফোরামের মূল ভাবনা ছিল 'এরা অফ কনভার্জেন্স'।



২৫ বছর বয়সে টেনিস থেকে অবসরের সিদ্ধান্ত ঘোষণা করলেন অস্ট্রেলিয়ার মহিলা টেনিস তারকা অ্যাশলে বার্টি। ৩টি গ্র্যান্ড স্লাম সিঙ্গলস শিরোপা জিতেছেন তিনি — ২০১৯ সালে 'ফরাসি ওপন', ২০২১ সালে 'উইম্বলডন' ও ২০২২ সালে 'অস্ট্রেলিয়ান ওপন'।

২৩ মার্চ : উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী হিসাবে শপথ নিলেন পুষ্কর সিং ধামি।

❑ কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রকের উপদেষ্টা হিসাবে মনোনীত হলেন প্রাক্তন লেফটেন্যান্ট জেনারেল বিনোদ জি.খাণ্ডারে।



২০২২ সালে 'নরওয়েজিয়ান আকাদেমি অফ সায়েন্স অ্যান্ড লেটারস'এর তরফ থেকে, 'অ্যাবেল পুরস্কার' পেলেন মার্কিনি গণিতবিদ ডেনিস পার্নেল সুলিভান। টপোলজিতে (গণিত বিষয়ক) যুগান্তকারী অবদানের জন্য এই পুরস্কার পেলেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, উনবিংশ শতাব্দীর নরওয়ের বিখ্যাত গণিতজ্ঞ নিলস হেনরিক অ্যাবেলের নামানুসারে এই পুরস্কারের নামকরণ করা হয়। গণিত শাস্ত্রে অসামান্য অবদান রাখা ব্যক্তিত্বদের এই পুরস্কার দেয় নরওয়ে সরকার।

❑ ভারতের স্বাধীনতা সংগ্রামকে সাধারণ মানুষের সঙ্গে আরও ঘনিষ্ঠভাবে পরিচয় করিয়ে দেওয়ার জন্য, ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে কলকাতার 'ভিক্টোরিয়া মেমোরিয়াল হল'এ 'বিপ্লবী ভারত গ্যালারি'র উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রক সূত্রে জানা গেছে, নয়ডার একটি সংস্থা এই গ্যালারি তৈরি করার দায়িত্ব পেয়েছিল। আলিপুর জেলের মহাফেজখানায় বিভিন্ন বিপ্লবীর যে নথি রাখা আছে, তারও দেখা মিলবে এই গ্যালারিতে।

❑ সব অফিশিয়াল কাজে মারাঠি ভাষার ব্যবহার বাধ্যতামূলক করতে মহারাষ্ট্রে 'মারাঠি রাজভাষা বিল' পাস হল। রাজ্য বিধানসভার উভয়কক্ষে সর্বসম্মতিক্রমে এই বিলটি গৃহীত হয়েছে। 'মহারাষ্ট্র অফিশিয়াল ল্যাঙ্গুয়েজ অ্যাক্ট, ১৯৬৪'এ, স্থানীয় সংস্থা ও রাজ্য চালিত কর্পোরেশন ও সমিতিগুলিতে মারাঠি ভাষা বাধ্যতামূলক করার কোনো উল্লেখ ছিল না। তাই এই বিলটি চালু করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

❑ কালো গণ্ডারের বিপন্ন প্রজাতি সংরক্ষণে দক্ষিণ আফ্রিকার প্রচেষ্টাকে সমর্থন করার জন্য, 'বন্যপ্রাণী সংরক্ষণ বন্ড' চালু করল 'বিশ্বব্যাঙ্ক' (ইন্টারন্যাশনাল ব্যাঙ্ক ফর রিকনস্ট্রাকশন অ্যান্ড ডেভেলপমেন্ট)। এটি 'গণ্ডার বন্ড' নামেও পরিচিত। এটি একটি ৫ বছরের জন্য ১৫০ মিলিয়ন ডলারের সাসটেইনেবল ডেভেলপমেন্ট বন্ড। দক্ষিণ আফ্রিকার ২টি ('অ্যাডো এলিফ্যান্ট ন্যাশনাল পার্ক' ও 'গ্রেট ফিশ রিভার নেচার রিজার্ভ') সংরক্ষিত এলাকায় কালো গণ্ডারের সংখ্যা রক্ষা ও বৃদ্ধিতে অবদান রাখবে এই বন্ডটি।

২৪ মার্চ : 'বোর্ড অফ ব্রডকাস্ট অডিয়েন্স রিসার্চ কাউন্সিল' ইন্ডিয়ার চেয়ারম্যান হিসাবে মনোনীত হলেন শশী সিনহা।

❑ ৩ বছরের জন্য, 'মারুতি সুজুকি ইন্ডিয়া লিমিটেড'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন জাপানের হিসাশি তাকেউচি।

❑ কর্ণাটকের বেঙ্গালউরু শহরে, 'রিজার্ভ ব্যাঙ্ক ইনোভেশন হাব'এর উদ্বোধন করলেন আরবিআই'এর গভর্নর শক্তিকান্ত দাস। ১০০ কোটি টাকা খরচে এটি তৈরি করা হয়েছে। এই হাব তৈরির উদ্দেশ্য, আর্থিক উদ্ভাবনকে উৎসাহিত করা। ২০১৩ সালের কোম্পানি আইনের অধীনে, ধারা ৮ ব্যবসা হিসাবে এই হাব স্থাপন করা হয়েছে। আরবিআই'এর ৫টি সম্পূর্ণ মালিকানাধীন সহযোগী সংস্থাগুলির মধ্যে একটি হল এই 'রিজার্ভ ব্যাঙ্ক ইনোভেশন হাব'।

❑ ২০২২ সালে 'উইংস ইন্ডিয়া' ইভেন্টে 'কোভিড চ্যাম্পিয়ন' পুরস্কার পেল 'কোচিন আন্তর্জাতিক বিমানবন্দর লিমিটেড'। 'উইংস ইন্ডিয়া' হল বাণিজ্যিক, সাধারণ ও ব্যবসায়িক বিমান চলাচল-সহ অসামরিক বিমান চলাচলের ওপর এশিয়ার বৃহত্তম ইভেন্ট। কোচিন বিমানবন্দরে নিরাপদ ভ্রমণ নিশ্চিত করার জন্য কোভিড-১৯ মহামারির সময় 'মিশন সেফগার্ডিং' নামে একটি প্রকল্পের সফল বাস্তবায়নের জন্য এই পুরস্কার পেল তারা। প্রসঙ্গত উল্লেখ্য, এই ইভেন্টে ২টি পুরস্কার পেয়েছে বেঙ্গালউরুর 'কেম্পেগৌড়া আন্তর্জাতিক বিমানবন্দর'। একটি হল সাধারণ বিভাগের অধীনে 'সেরা বিমানবন্দর' পুরস্কার ও আরেকটি হল 'অ্যাভিয়েশন ইনোভেশন' পুরস্কার।

❑ এপ্রিলের মধ্যে, শহরের কয়েকটি জনবহুল এলাকায় মোবাইল বায়ো টয়লেট বসানোর সিদ্ধান্ত নিল কলকাতা পুর নিগম। প্রথম ধাপে ২৫টি বায়ো টয়লেট কেনা হবে। এর মধ্যে ধর্মতলা, গড়িয়াহাট, খান্নার মোড়, গ্যালিফ স্ট্রিট, বড়বাজারের মতো গুরুত্বপূর্ণ এলাকায়, যেখানে প্রচুর জনসমাগম ঘটে। প্রতিটি বায়ো টয়লেট কিনতে খরচ হয়েছে ৩৫-৪০ হাজার টাকা।

❑ এই প্রথমবার মানুষের রক্তে মাইক্রোপ্লাস্টিক দূষণ শনাক্ত করলেন বিজ্ঞানীরা। পরীক্ষায় প্রায় ৮০% মানুষের রক্তে এই ক্ষুদ্র কণা খুঁজে পেয়েছেন বিজ্ঞানীরা। মাইক্রোপ্লাস্টিকের এইসব কণা মানুষের শরীরে চলাচল করতে পারে ও বিভিন্ন অঙ্গ-প্রত্যঙ্গে জায়গা করে নিতে পারে। এই গবেষণায় ২২ জনের রক্তের নমুনা বিশ্লেষণ করেছেন বিজ্ঞানীরা। তাঁদের মধ্যে ১৭ জনের শরীরেই প্লাস্টিকের কণা পাওয়া গেছে। অর্ধেক নমুনায় পিইটি প্লাস্টিক পাওয়া গেছে, যা সাধারণত পানীয়ের বোতল তৈরিতে ব্যবহৃত হয়। এক-তৃতীয়াংশের নমুনায় পলিস্টাইরিন পাওয়া গেছে, যা খাবার ও অন্যান্য পণ্য প্যাকেজিং করার জন্য ব্যবহৃত হয় ও এক-চতুর্থাংশের রক্তের নমুনায় পলিথিন শনাক্ত হয়েছে।



বাংলা চলচ্চিত্র জগতের জনপ্রিয় অভিনেতা অভিষেক চট্টোপাধ্যায় (৫৭ বছর) মারা গেলেন। বড় পর্দায় তাঁর প্রথম অভিষেক ঘটে ১৯৮৬ সালে তরুণ মজুমদারের 'পথভোলা' চলচ্চিত্রে। তাঁর অভিনীত শেষ চলচ্চিত্র ২০২১ সালে 'লাভার'। ছোট পর্দায় তাঁর 'ফাগুন বউ', 'খড়কুটো', 'মোহর' ধারাবাহিক অত্যন্ত জনপ্রিয়।

২৫ মার্চ : দ্বিতীয়বারের মেয়াদে, উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী হিসাবে শপথ নিলেন যোগী আদিত্যনাথ।

❑ 'সিএসবি ব্যাঙ্ক লিমিটেড'এর অন্তর্বর্তীকালীন ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন প্রলয় মণ্ডল।

❑ ২০২২ সালে 'কেন্দ্রীয় ব্যাঙ্কিং পুরস্কার'এ 'বর্ষসেরা গভর্নর পুরস্কার' পেলেন চিলির কেন্দ্রীয় ব্যাঙ্কের গভর্নর মারিও মার্সেল। চিলির কেন্দ্রীয় ব্যাঙ্কের নাম 'ব্যাঙ্কো সেন্ট্রাল ডি চিলি'।

❑ ২০২২ সালে 'ইউনাইটেড নেশনস এনভায়রনমেন্ট প্রোগ্রাম'এর তরফ থেকে প্রকাশিত 'বার্ষিক ফ্রন্টিয়ার রিপোর্ট' অনুযায়ী, বিশ্বের সবথেকে শব্দ দূষিত শহরের তকমা পেল বাংলাদেশের রাজধানী শহর ঢাকা। রিপোর্ট অনুযায়ী, ২০২১ সালে শহরটিতে সর্বোচ্চ ১১৯ ডেসিবেল শব্দ দূষণ রেকর্ড করা হয়েছে। এই তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছে উত্তর প্রদেশের মোরাদাবাদ (১১৪ ডেসিবেল শব্দ দূষণ) ও তৃতীয় স্থানে রয়েছে পাক-ই-স্তানের রাজধানী শহর ইসলামাবাদ (১০৫ ডেসিবেল শব্দ দূষণ)।

❑ গুজরাতের রামনগরে, 'আইএনএস ভালসুরা'কে মর্যাদাপূর্ণ 'প্রেসিডেন্টস কালার' উপহার দিলেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। ১৯৪২ সালের ৫ ডিসেম্বর প্রতিষ্ঠিত 'আইএনএস ভালসুরা' হল ভারতীয় নৌবাহিনীর একটি প্রধান প্রশিক্ষণ প্রতিষ্ঠান। শান্তি ও যুদ্ধ উভয় ক্ষেত্রেই জাতির প্রতি অসামান্য সেবা প্রদানের স্বীকৃতি হিসাবে এই সামরিক ইউনিটকে 'প্রেসিডেন্টস কালার' দেওয়া হয়েছে।

❑ বাংলাদেশকে ০-১ ব্যবধানে হারিয়ে, ২০২২ সালে 'সাফ অনূর্ধ্ব-১৮ উওমেনস চ্যাম্পিয়নশিপ'এ চ্যাম্পিয়ন হল ভারত।

☞ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

## ৯৪ তম আকাদেমি পুরস্কার — ২০২২

২৭ মার্চ, লস অ্যাঞ্জেলেসের 'ডলবি থিয়েটার'এ অনুষ্ঠিত হল ২০২২ সালের ৯৪ তম 'আকাদেমি' তথা 'অস্কার' পুরস্কার। ২০২১ সালের ১ মার্চ থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত মুক্তিপ্রাপ্ত সেরা চলচ্চিত্রগুলিকে এই অনুষ্ঠানে পুরস্কৃত করা হয়েছে। 'আকাদেমি অফ মোশন পিকচার আর্টস অ্যান্ড সায়েন্সেস' এই পুরস্কার দেয়। একনজরে পুরস্কারের সম্পূর্ণ তালিকা।





❑ চলচ্চিত্র : কোডা। ❑ সিনেমাটোগ্রাফি : ডুন। ❑ পরিচালক : জেন ক্যাম্পিয়ন ('দ্য পাওয়ার অফ দ্য ডগ')।
❑ অভিনেত্রী : জেসিকা চ্যাস্টেইন ('দ্য আইস অফ ট্যামি ফায়ে')। ❑ অভিনেতা : উইল স্মিথ ('কিং রিচার্ড')।
❑ পার্শ্ব-অভিনেত্রী : আরিয়ানা ডিবোস ('ওয়েস্ট সাইড স্টোরি')। ❑ পার্শ্ব-অভিনেতা : ট্রয় কোটসুর ('কোডা')।
❑ অ্যানিমেটেড ফিচার চলচ্চিত্র : এনক্যান্টো। ❑ ডকুমেন্টারি ফিচার : সামার অফ সোল।
❑ আন্তর্জাতিক ফিচার চলচ্চিত্র : ড্রাইভ মাই কার (জাপান)।
❑ অরিজিনাল সং : নো টাইম টু ডাই (বিল্লি এলিস ও ফিনিয়াস ও'কোনেল)।
❑ অরিজিনাল মিউজিক স্কোর : ডুন। ❑ অরিজিনাল স্ক্রিনপ্লে : বেলফাস্ট। ❑ অ্যাডাপটেড স্ক্রিনপ্লে : কোডা।
❑ শর্ট ডকুমেন্টারি : দ্য কুইন অফ বাস্কেটবল। ❑ অ্যানিমেটেড শর্ট ফিল্ম : দ্য উইন্ডশিল্ড উইপার।
❑ লাইভ অ্যাকশন শর্ট ফিল্ম : দ্য লং গুডবাই। ❑ কস্টিউম ডিজাইন : ক্রুয়েলা।
❑ মেকআপ অ্যান্ড হেয়ারস্টাইলিং : দ্য আইস অফ ট্যামি ফায়ে। ❑ ফ্যান ফেভারিট : আর্মি অফ দ্য ডেড।
❑ চলচ্চিত্র সম্পাদনা : ডুন। ❑ প্রোডাকশন ডিজাইন : ডুন। ❑ ভিশ্যুয়াল এফেক্টস : ডুন। ❑ সাউন্ড : ডুন।


## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

■ KARMASANGSTHAAN ■ Vol. 35 ■ Issue No. 15 ■ 9 April 2022 ■ 11

রেলে গ্রুপ-ডি পদের অনলাইন টেস্ট হবে জুলাইয়ে। অর্থাৎ হাতে আর মাত্র কয়েক মাস। মিসলেনিয়াস প্রিলি. পরীক্ষা, ডব্লু.বি.সি.এস প্রিলি. পরীক্ষা, ক্লার্কশিপ, আই.সি.ডি.এস, নার্সিং, রেল অর্থাৎ, সব বড় পরীক্ষাতেই 'কর্মসংস্থান'এ প্রকাশিত প্রশ্নোত্তরের সেট থেকে অনেক প্রশ্ন কমন এসেছে। এছাড়াও ২০২০ – '২১ সালের রেলের NTPC স্টেজ-। পরীক্ষায় অনেক প্রশ্ন হুবহু কমন এসেছে। তাই আমাদের পাঠক-পাঠিকাদের অনুরোধ মাথায় রেখে এবছর রেলের গ্রুপ 'ডি' পরীক্ষায় ঠিক যেমন ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১০০টি প্রশ্নের উত্তর নিয়ে আলোচনা করলেন চাকরির পরীক্ষার প্রকাশনা সংস্থা তপতী পাবলিশার্সের কনটেন্ট ডিরেক্টর তথা কর্ণধার রিঙ্কু চক্রবর্তী।



# রেলের গ্রুপ 'ডি' পরীক্ষা

1. কোন এয়ারফোর্স স্টেশনে ভারতের প্রথম 'সুখোই-৩০' ফাইটার স্কোয়াড্রন অভিষিক্ত করা হয়েছে?
(A) কোচি (B) হরিয়ানা (C) তাঞ্জাভুর (D) ভাগড্যাগ

2. কোন সংস্থা ২৯ সেপ্টেম্বর দিনটিকে 'আন্তর্জাতিক খাদ্য অপচয়ের বিরুদ্ধে সচেতনতা দিবস' হিসাবে পালন করে?
(A) ইউনেস্কো (B) ইউ.এন.ডি.পি
(C) ফাও (D) হু

3. উত্তরাখণ্ড বিধানসভার প্রথম মহিলা অধ্যক্ষ হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন?
(A) ঋতু খান্দুরি (B) বিদ্যাদেবী মুর্মু (C) মহিমা খাতুন (D) কবিতা গায়কোয়ার

4. 'ব্যাডমিন্টন অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়া'র প্রেসিডেন্ট এখন কে ?
(A) কিরেন রিজিজু (B) অনুরাগ ঠাকুর (C) হিমন্ত বিশ্ব শর্মা (D) সর্বানন্দ সোনোওয়াল

5. কোন ধর্মীয় শাখার মতবাদ জনপ্রিয় করার জন্য হর্ষবর্ধন কনৌজে সম্মেলন আহ্বান করেছিলেন?
(A) শেতাম্বর (B) মহাযান (C) হীনযান (D) কোনোটিই সঠিক নয়

6. মুন্ডা বিদ্রোহে কে নেতৃত্ব দেন?
(A) বিরসা (B) রাপট
(C) সিধু (D) কোড়া মান্না

7. দিল্লির কোন সুলতান উত্তর ভারতে বিভিন্ন শহর স্থাপন করেছিলেন?
(A) আলাউদ্দিন খলজী (B) মহম্মদ বিন তুঘলক (C) ফিরোজ শাহ তুঘলক (D) বলবন

8. স্বাধীনতার সময় ভারতের জাতীয় কংগ্রেসের সভাপতি কে ছিলেন?
(A) জে. বি. কৃপালনি (B) মৌলানা আবুল কালাম আজাদ (C) চক্রবর্তী রাজা গোপালাচারী (D) জওহরলাল নেহরু

9. 'ভারতের জাতীয় বাহিনী'র (আই.এন.এ) প্রতিষ্ঠাতা অধিনায়ক কে ছিলেন?
(A) নেতাজী সুভাষচন্দ্র বসু (B) রাসবিহারী বসু (C) ক্যাপ্টেন মোহন সিং (D) কোনোটিই সঠিক নয়

10. ভারতের কোন রাজ্য আয়তন ও জনসংখ্যার নিরিখে একই স্থানে রয়েছে?
(A) উত্তর প্রদেশ (B) পশ্চিমবঙ্গ (C) অসম (D) মেঘালয়

11. নিচের কোন নদীটি পূর্ব থেকে পশ্চিম অভিমুখে প্রবাহিত হয়ে আরব সাগরে পড়েছে?
(A) কৃষ্ণা (B) কাবেরী
(C) নর্মদা (D) গোদাবরী

12. জনসংখ্যার হিসাবে পৃথিবীতে ভারতের স্থান দ্বিতীয়, কিন্তু আয়তনের হিসাবে পৃথিবীতে ভারতের স্থান কত?
(A) প্রথম (B) দ্বিতীয় (C) সপ্তম (D) অষ্টম

13. কালো গণ্ডারের বিপন্ন প্রজাতি সংরক্ষণে কোন সংস্থা সম্প্রতি 'ক্যাপ্রাণী সংরক্ষণ বন্ড' চালু করল?
(A) এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (B) বিশ্বব্যাঙ্ক (C) বিশ্ব স্বাস্থ্য সংস্থা (D) ওয়ার্ল্ড ওয়াইল্ডলাইফ ফান্ড

14. হাই কোর্টের ক্ষমতাকে সাধারণভাবে ক'টি এলাকায় বিভক্ত করা যায়?
(A) দু'টি (B) তিনটি (C) চারটি (D) পাঁচটি

